কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স ড্রাফটসম্যান, সুপারভাইজর স্টোর্স, রেডিও মেকানিক, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ওয়েল্ডার, মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ম্যাসন) ও মাল্টি স্কিল্ড ওয়ার্কার (এম/ডব্লু.টি.আর.) ট্রেডে ৩৩৭ জন ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**পোস্ট কোড 07: মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ম্যাসন)।** মাধ্যমিক পাশরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে বিল্ডিং কনস্ট্রাকশন বা, ব্রিক ম্যাসন ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০ টাকা। শূন্যপদ : ২১৫টি (জেনাঃ ৮৯, ও.বি.সি. ৫৭, তঃজাঃ ৩২, তঃউঃজাঃ ১৬, ই.ডব্লু.এস. ২১)।

**পোস্ট কোড 04: রেডিও মেকানিক।** মাধ্যমিক পাশরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে রেডিও মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**পোস্ট কোড 06: ওয়েল্ডার।** মাধ্যমিক পাশরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে ওয়েল্ডার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড গ্যাস) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড 01: ড্রাফটসম্যান।** বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আর্কিটেকচার বা, ড্রাফটসম্যানশিপের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনা: ১৯, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩)।

**পোস্ট কোড 03: সুপারভাইজর স্টোর্স।** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা, ইনভেন্টরি কন্ট্রোল কিংবা স্টোর্স কীপিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ৩৭টি (জেনা: ১৮, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৬-৯-২০১৯'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০ কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. ড্রাইভার পদের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/১২, ভালো চোখে ৬/৬ কিংবা খারাপ চোখে ৬/৩৬। কাছের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। বিজ্ঞপ্তি নং : 02/2019.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা / প্র্যাক্টিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা ও ডাক্তারি টেস্ট হবে। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের প্রশ্ন হবে। ড্রাফটসম্যান পদের বেলায় থাকবে এইসব বিষয়ে : অঙ্ক, পরিমিতি, সিভিল ইঞ্জিনিয়ারিং ড্রয়িং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট।

দরখাস্ত করবেন নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.bro.gov.in তখন সঙ্গে দেবেন : (১) জন্ম-তারিখের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র আর কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (২) বাসিন্দা সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও প্রত্যয়িত ছাড়া আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৩) ৫০ তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকার ব্যাঙ্ক ড্রাফট। 'Commandant, GREF Centre, Pune - 411015' এর অনুকূলে। এছাড়াও টাকা সরাসরি নেট ব্যাঙ্কিং বা, স্টেট ব্যাঙ্কের কোনো শাখায় এই অ্যাকাউন্টে জমা দিতে পারবেন : 'Commandant, GREF Centre, Pune - 411015, in Public Fund Account No. 11182905409 of State Bank of India, Khadki Branch Pune code no. 01629 and IFSC code SBIN0001629. সেক্ষেত্রে টাকা জমা দেওয়ার রিসিপ্ট সঙ্গে দেবেন।

দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of.................. Category UR/SC/ST/OBC/EWSs/ESM/CPL, Weightage Percentage in Essential Qualification........'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে, অ্যাকনলেজমেন্ট-সহ। দরখাস্ত পৌঁছনো চাই ১৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, GREF Centre, Dighi Camp, Pune - 411 015.

## কেন্দ্রীয় সরকার পরিকল্পিত ও স্বীকৃত ফায়ার ম্যানেজমেন্ট ও টেকনোলজির কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** ছোটো একটি স্ফুলিঙ্গ। তার থেকেই মাত্র কয়েক মিনিটে তৈরি হয় আগুনের দাবানল। নিমিষে হতে পারে সব কিছু ভস্মিভূত। সারা শহর এখন যতুগৃহ। অসতর্ক মুহূর্তে ঘটে যেতে পারে দুর্ঘটনা। তাই সরকার অগ্নিকাণ্ড প্রতিরোধে আগাম ব্যবস্থা হিসাবে গুরুত্ব দিচ্ছে ফায়ার ম্যানেজমেন্ট ও ফায়ার টেকনোলজি পেশাদারদের। চাহিদার তুলনায় দক্ষ লোকের সংখ্যা কম থাকায় প্রশিক্ষিতদের চাকরির বাজার যথেষ্ট ভালো। এমএনজি আকাদেমির ফায়ার সেফটি ম্যানেজমেন্টর পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও ফায়ার টেকনোলজি ও সেফটি ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স পড়ায়। ২টি কোর্স কেন্দ্রীয় সরকারের Ministry of Micro, Small & Medium Enterprises পরিকল্পিত ও স্বীকৃত। মেয়াদ ১ বছর। যে কোন শাখার উচ্চমাধ্যমিক পাশরা ডিপ্লোমা এবং গ্র্যাজুয়েটরা পি.জি. ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্য। কোর্স শেষে সার্টিফিকেট দেবে Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India. সফলদের প্লেসমেন্টে সাহায্য করা হয়। ২টি কোর্সে ভরতি নেওয়া শুরু হয়েছে। যোগাযোগ করতে পারেন এইসব ঠিকানায়— ১. বেলঘরিয়া কেন্দ্র : ফোন- ৭৯৮০১৯১৪৩৫। ২. বারাসাত কেন্দ্র : ফোন- ৬২৯০৪৯৯৭৯১। ৩. বর্ধমান কেন্দ্র : ফোন- ৮২৪০৯৯৫২১৯।


**I.T.I. কোর্স**
NCVT (Govt. of India)
সরাসরি ভর্ত্তি চলিতেছে
ট্রেড-(১) ইলেকট্রিশিয়ান, (২) ফিটার (মেয়াদ ২ বছর) যোগ্যতা - মাধ্যমিক
ট্রেড- (১) ওয়েল্ডার (মেয়াদ ১ বছর) যোগ্যতা - অষ্টম
SHREE GURU VOCATIONAL TRAINING INSTITUTE
Govt. Regd. No.- S/2L/46919
মছলন্দপুর ভূদেব স্মৃতি স্কুল রোড বাসস্ট্যান্ড
9832932981, 9064825909

কর্মসংস্থান গোষ্ঠীর **সাফল্য** সাধারণ জ্ঞান
১৩২ পাতার দাম ১০ টাকা
আগস্ট সংখ্যা বেরোল
রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আই.সি.ডি.এস সুপারভাইজর পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

JIS UNIVERSITY
**Admission in B.Ed 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361/86977 43362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

২০১৯ এর মধ্যে প্রতি ঘরে ডব্লুবিসিএস সহ অন্যান্য অন্তত ১০,০০০ সরকারি চাকরি পাওয়ানোর লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জিএসসিই।

কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির প্রস্তুতি মানেই
GEORGE SCHOOL OF COMPETITIVE EXAMS
GSCE
George School of Competitive Exams
পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100 / 200 / 300

বিজ্ঞপ্তি প্রকাশিত **Staff Selection Commission**
শূন্যপদ : ১৩৫০ (প্রায়)
ফর্ম ফিল-আপ : ৩১-৮-২০১৯ পর্যন্ত
যোগ্যতা : মাধ্যমিক থেকে শুরু
বয়স : ১৮-৩০ বছর

বিজ্ঞপ্তি প্রকাশিত **WB Police SI**
শূন্যপদ : ৬৬৮
ফর্ম ফিল-আপ : ৯-৯-২০১৯ পর্যন্ত
যোগ্যতা : স্নাতক
বয়স : ২০-২৭ বছর

সেমিনারে যোগদান করলে আধিকারিকবৃন্দের সুপরামর্শ ছাড়াও মিলবে কিছু মূল্যবান স্টাডি মেটেরিয়ালস্।

মেগা সেমিনার কবে, কোথায়, কখন

| কাটোয়া | কাঁথি | গড়িয়াহাট | বাগনান |
|---|---|---|---|
| 14/08/19 11.30 am | 14/08/19 12.00 pm | 18/08/19 11.30 am | 19/08/19 11.00 am |
| 9830277230 | 9674140376 | 9230056665 | 9674087468 |

| ডানলপ | দুর্গাপুর | আসানসোল |
|---|---|---|
| 19/08/19 12.00 pm | 20/08/19 10.30 am | 20/08/19 1.30 pm |
| 9230056673 | 9674025500 | 9674087475 |

সেমিনারে আসন সংখ্যা সীমিত। আগে এলে আগে সুযোগ। এক কপি ফোটো ও আধার / ভোটার কার্ডের ফটোকপি নিয়ে আসতে হবে।
সেমিনারে যারা আসছেন তারা কোর্স ফি-এর উপর বিশেষ ছাড়ের সুবিধা পাবেন।

GSCE-র বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত সমাবর্তন অনুষ্ঠানে সরকারি চাকরিতে হাজার হাজার সফল ছাত্রছাত্রীর সঙ্গে আধিকারিকবৃন্দের কিছু আনন্দঘন মুহূর্ত




বিজ্ঞপ্তি প্রকাশিত
**IBPS PO**
শূন্যপদ : ৪,৩৩৬
যোগ্যতা : স্নাতক
বয়স : ২০-৩০ বছর
ফর্ম ফিল-আপ : ২৮-৮-২০১৯ পর্যন্ত

WBCS ও স্কুল সার্ভিসের বিজ্ঞপ্তি শীঘ্রই

শূন্যপদ ২,০০,০০০ কেন্দ্রীয় এবং রাজ্য সরকারে খুব শীঘ্রই নিয়োগ হতে চলেছে

WBSSC শূন্যপদ ৩৩,৬৮৭ যোগ্যতা : মাধ্যমিক থেকে স্নাতক বয়স : ১৮ - ৪০ বছর

যে সমস্ত কোর্সে ভর্তি চলছে **WBCS** Combined Course

(হেড অফিস) **শিয়ালদহ**
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
✆ 9051040306
✆ 9674087465
এই নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

অন্যান্য কেন্দ্রসমূহ

কলকাতা জোন

| | |
|---|---|
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| গড়িয়াহাট | 9230056665 |
| নেতাজীনগর | 9674087860 |
| হাওড়া ময়দান | 9230056677 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| কল্যাণী | 9674087469 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| সোনারপুর | 9674087466 |

ক্যানিং (নতুন কেন্দ্র) ✆ 7031615596

ইস্টার্ন জোন

| | |
|---|---|
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| বোলপুর | 9674012025 |
| দুর্গাপুর | 9674025500 |
| আসানসোল | 9674087475 |
| ব্যান্ডেল | 9230056669 |
| তারকেশ্বর | 9830277743 |
| কাটোয়া | 9830277230 |

ওয়েস্টার্ন জোন

| | |
|---|---|
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| বাগনান | 9674087468 |
| কাঁথি | 9674140376 |
| তমলুক | 8697984951 |
| ঝাড়গ্রাম | 9674087874 |

নর্দান জোন

| | |
|---|---|
| শিলিগুড়ি | 9674087473 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| কালিম্পং | 9830277171 |
| কোচবিহার | 9830277023 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| বহরমপুর | 9674087471 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| ধূপগুড়ি | 9830277257 |
| দিনহাটা | 9830277698 |

ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত খুঁটিনাটি জানতে- 9231036500 ● Toll Free No. 18001230667
Website : www.gsceindia.org | George Telegraph ● Since 1920 | www.facebook.com/George-School-of-Competitive-Exams


Scanned by CamScanner

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে সেপ্টেম্বর মাস নাগাদ। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে।**

1. 'রাষ্ট্রসঙ্ঘ'এর প্রধান অ্যান্তোনিও গুতেরেস কোন দেশের অধিবাসী?
(a) দক্ষিণ কোরিয়া (b) পর্তুগাল
(c) জার্মানি (d) বেলজিয়াম

2. ষোড়শ মহাজনপদের কোনটিতে গৌতম বুদ্ধ মহাপরিনির্বাণ লাভ করেন?
(a) মল্ল (b) মৎস্য
(c) মগধ (d) লিচ্ছবি

3. কাকে 'আয়ুর্বেদ শাস্ত্র'এর জনক বলা হয়?
(a) পতঞ্জলি (b) সুশ্রুত
(c) ধন্বন্তরী (d) চরক

4. ভারতের কোন শাসকরা প্রথম রোমের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করেন?
(a) পল্লব (b) পাণ্ড্য
(c) তামিল (d) রাষ্ট্রকূট

5. 'সড়ক-ই-আজম' কে তৈরি করেন?
(a) শেরশাহ সুরি (b) আকবর
(c) শাহজাহান (d) বাজিরাও

6. প্রতি বছর কবে 'শান্তি সপ্তাহ' পালিত হয়?
(a) সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে (b) সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে (c) সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহে (d) সেপ্টেম্বরের চতুর্থ সপ্তাহে

7. 'বিশ্ব জল দিবস' কবে পালিত হয়?
(a) 20 মার্চ (b) 21 মার্চ
(c) 22 মার্চ (d) 23 মার্চ

8. সমুদ্রজলের গড় লবণতার হার প্রতি 1000 গ্রাম জলে :
(a) 30 গ্রাম লবণ (b) 35 গ্রাম লবণ
(c) 40 গ্রাম লবণ (d) 45 গ্রাম লবণ

9. বায়ুমণ্ডলের কোন স্তর জেট বিমান চলাচলের উপযোগী?
(a) ওজোনোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার
(c) ট্রোপোস্ফিয়ার (d) আয়োনোস্ফিয়ার

10. মধ্যযুগের কোন শাসক প্রথম কৃষি দফতর তৈরি করেন?
(a) মহম্মদ বিন তুঘলক (b) আকবর
(c) আলা-উদ্-দ্বীন খলজি (d) ইলতুৎমিস

11. সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম কী ছিল?
(a) অনিলা দেবী (b) পরশুরাম
(c) কমলাকান্ত (d) নীললোহিত

12. একটি ঘরের উষ্ণতা বাড়লে আপেক্ষিক আর্দ্রতার কী পরিবর্তন হয়?
(a) বেড়ে যায় (b) কমে যায়
(c) একই থাকে (d) কোনোটিই নয়

13. বুলেটপ্রুফ পোশাক তৈরি করতে কোন পদার্থ ব্যবহার করা হয়?
(a) লোহা (b) দস্তা
(c) তামা (d) পলিইথিলিন

14. কোন সংস্থা ভারতে রাজনৈতিক দলের স্বীকৃতি দেন?
(a) রাষ্ট্রপতি (b) নির্বাচন কমিশন
(c) লোকসভা (d) রাজ্যসভা

15. ভারতের প্রথম লৌহ ইস্পাত শিল্প কোন শহরে গড়ে ওঠে?
(a) জামশেদপুর (b) রৌরকেলা
(c) দুর্গাপুর (d) বিশাখাপত্তনম

16. ভারতের কোন রাজ্যে উত্তরপূর্ব মৌসুমী বায়ুর প্রভাবে বৃষ্টিপাত হয়?
(a) তামিলনাড়ু (b) মধ্য প্রদেশ
(c) রাজস্থান (d) গুজরাত

17. সৌরজগতের উজ্জ্বলতম গ্রহ কোনটি?
(a) মঙ্গল (b) বুধ (c) শুক্র (d) শনি

18. জৈনধর্মের সব পুরনো ধর্মগ্রন্থ কোন ভাষায় রচিত?
(a) পালি (b) সংস্কৃত
(c) অর্ধমাগধি (d) প্রাকৃত

19. কোথায় কণিষ্কের মুণ্ডহীন মূর্তি পাওয়া গিয়েছিল?
(a) লাহোর (b) কাবুল (c) কাঠমাণ্ডু (d) মথুরা

20. ভারতের কোন রাজ্য সবথেকে বেশি কফি উৎপাদন করে?
(a) মধ্য প্রদেশ (b) কর্ণাটক (c) গুজরাত (d) হরিয়ানা

21. লোকসভায় পাস হওয়া অর্থ বিষয়ক কতদিনের মধ্যে রাজ্যসভায় পাস করতে হয়?
(a) 12 (b) 13 (c) 14 (d) 15

22. কত বছর পর রাজ্যসভার এক-তৃতীয়াংশ সদস্য অবসর নেন?
(a) প্রতি 2 বছর অন্তর (b) প্রতি 3 বছর অন্তর (c) প্রতি 4 বছর অন্তর (d) প্রতি 5 বছর অন্তর

23. কত সালে ব্রিটিশরা পর্তুগিজদের হাত থেকে বম্বে দখল করে?
(a) 1661 (b) 1662 (c) 1663 (d) 1664

24. ভারতের কোন রাজ্যে উপজাতির সংখ্যা সবথেকে বেশি?
(a) কর্ণাটক (b) তামিলনাড়ু (c) ঝাড়খণ্ড (d) মধ্য প্রদেশ

25. লোকসভায়, পাব্লিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যানকে কে নিয়োগ করেন?
(a) রাষ্ট্রপতি (b) লোকসভার অধ্যক্ষ (c) প্রধানমন্ত্রী (d) অর্থমন্ত্রী

26. কত সালে মানুষ প্রথম চাঁদে পদার্পণ করে?
(a) 1965 (b) 1969 (c) 1975 (d) 1979

27. কোন ভিটামিনের অভাবে 'বেরিবেরি' রোগ হয়?
(a) A (b) B (c) C (d) D

28. বর্ণালীর কোন রঙের তরঙ্গ দৈর্ঘ্য ক্ষুদ্রতম?
(a) নীল (b) হলুদ (c) কমলা (d) বেগুনি

29. মানচিত্রে সম গড় উষ্ণতা যুক্ত স্থানগুলিকে কোন রেখা দিয়ে যুক্ত করা হয়?
(a) আইসোহাইট (b) আইসোবার (c) আইসোহ্যালাইন (d) আইসোথার্ম

30. 'আজলান শাহ কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) হকি (b) ফুটবল (c) ক্রিকেট (d) গলফ

31. ভারতের সব ব্যাঙ্কে আর্থিক বছর বলতে কোন সময়কালকে বোঝায়?
(a) জানুয়ারি থেকে ডিসেম্বর (b) মার্চ থেকে ফেব্রুয়ারি (c) এপ্রিল থেকে মার্চ (d) মে থেকে এপ্রিল

32. কোন গাছের নিঃসরণ থেকে তারপিন তেল তৈরি হয়?
(a) জলপাই (b) বার্চ (c) উইলো (d) পাইন

33. ভারতের কোন রাজ্যে নববর্ষ দিবস 'বিশু' পালিত হয়?
(a) ছত্তিশগড় (b) কেরালা (c) তামিলনাড়ু (d) তেলেঙ্গানা

34. 'হাইগ্রোমিটার' যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(a) বাতাসের আপেক্ষিক আর্দ্রতা (b) বায়ুর গতিবেগ (c) সমুদ্রের জলের গভীরতা (d) সমুদ্রস্রোতের গতিবেগ

35. কে 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি' গঠন করেন?
(a) রাজা রামমোহন রায় (b) দয়ানন্দ সরস্বতী (c) গোপালকৃষ্ণ গোখলে (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

36. 'গ্যালভানাইজেশন' লোহার ওপর কোন পদার্থের প্রলেপ?
(a) দস্তা (b) তামা (c) সীসা (d) অ্যালুমিনিয়াম

37. 'ভেম্বানাদ' হ্রদ ভারতের কোন রাজ্যে আছে?
(a) রাজস্থান (b) জম্মু ও কাশ্মীর (c) কেরালা (d) গুজরাত

38. কোন ইউরোপীয় জাতি ভারতে প্রথম বাণিজ্য শুরু করে?
(a) ফরাসি (b) ওলন্দাজ (c) দিনেমার (d) পর্তুগিজ

39. উত্তর কাশী শহর কোন নদীর তীরে আছে?
(a) অলকানন্দা (b) যমুনা (c) ভাগীরথী (d) নর্মদা

40. 'সুফি' সম্প্রদায় কোন ধর্মের অংশ?
(a) ইসলাম (b) জৈন (c) বৌদ্ধ (d) হিন্দু

41. বায়ুমণ্ডলের কোন স্তরে রেডিও তরঙ্গ প্রতিফলিত হয়?
(a) ট্রপোস্ফিয়ার (b) মেসোস্ফিয়ার (c) স্ট্র্যাটোস্ফিয়ার (d) ওজোনোস্ফিয়ার

42. ভারতীয় সংসদে দু'টি অধিবেশনের মধ্যে সর্বাধিক কত দিনের ব্যবধান থাকতে পারে?
(a) 4 মাস (b) 5 মাস (c) 6 মাস (d) 7 মাস

43. ভারতীয় সংসদে সদস্য পদে নির্বাচিত হওয়ার ন্যূনতম বয়সসীমা কত বছর?
(a) 18 (b) 21 (c) 25 (d) 30

44. কোন রোগ নিরাময়ে 'রেসারপিন' ব্যবহৃত হয়?
(a) উচ্চরক্তচাপ নিরাময় (b) পৌষ্টিকতন্ত্রে উৎসেচকের নিয়ন্ত্রণ (c) হৃদযন্ত্রের সমস্যা সমাধান (d) স্মৃতিভ্রংশ

45. বায়ুমণ্ডলের সর্বাধিক দূরবর্তী স্তরের নাম কী?
(a) মেসোস্ফিয়ার (b) আয়নোস্ফিয়ার (c) ওজোনোস্ফিয়ার (d) এক্সোস্ফিয়ার

46. কোন রোগের চিকিৎসায় 'ডায়ালিসিস' পদ্ধতি ব্যবহার করা হয়?
(a) হৃদপিণ্ডের রোগে (b) কিডনি সংক্রান্ত রোগে (c) স্নায়ুতন্ত্রের রোগে (d) হাড়ের সমস্যায়

47. কোন যন্ত্রের সাহায্যে ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা হয়?
(a) সিসমোগ্রাফ (b) পলিগ্রাফ (c) হাইড্রোগ্রাফ (d) থার্মোগ্রাফ

48. কোন পাখি পিছনদিকে উড়তে পারে?
(a) চিল (b) গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড (c) হর্নবিল (d) হ্যামিং বার্ড

49. নীল ও হলুদ রঙের সমপরিমাণ মিশ্রণে কোন রং তৈরি হয়?
(a) লাল (b) কালো (c) সবুজ (d) বেগুনি

50. বিশ্বের বৃহত্তম দ্বীপ কোনটি?
(a) হনসু (b) গ্রিনল্যান্ড (c) মানিতোবা (d) বাফিন

51. ভারতের কোন হ্রদের লবণতা সবথেকে বেশি?
(a) উলার (b) সম্বর (c) চিল্কা (d) পেরিয়ার

52. নল সরোবর বার্ড স্যাংচুয়ারি ভারতের কোন রাজ্যে আছে?
(a) গুজরাত (b) রাজস্থান (c) হরিয়ানা (d) মধ্য প্রদেশ

53. গণপরিষদের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) ভীমরাও রামজি আম্বেদকর (b) মৌলানা আবুল কালাম আজাদ (c) সচ্চিদানন্দ সিনহা (d) ড. রাজেন্দ্র প্রসাদ

54. কণিষ্কের শাসনকালে কোথায় বৌদ্ধ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল?
(a) কাঠমাণ্ডু (b) কলিঙ্গ (c) কাশ্মীর (d) মগধ

55. স্থানীয় ঝড় 'নর্থওয়েস্টার' বা, 'নরওয়েস্টার' ভারতের কোন রাজ্যে দেখা যায়?
(a) রাজস্থান (b) পশ্চিমবঙ্গ (c) তামিলনাড়ু (d) অসম

56. মালবিকা সারুক্কাইন কোন নাচের সঙ্গে যুক্ত?
(a) ভরতনাট্যম (b) কুচিপুরি (c) কথাকলি (d) ওড়িশি

57. 'নাখুই' উৎসব ভারতের কোন রাজ্যে পালিত হয়?
(a) ওড়িশা (b) আন্ধ্রা প্রদেশ (c) কেরালা (d) ঝাড়খণ্ড

58. প্রথম বৌদ্ধ সম্মেলনে কে সভাপতিত্ব করেন?
(a) অশোক (b) কণিষ্ক (c) মহাকাশ্যপ (d) অজাতশত্রু

59. রাষ্ট্রসঙ্ঘের সিকিউরিটি কাউন্সিলের সদস্য ক'টি দেশ?
(a) 12 (b) 13 (c) 14 (d) 15

60. ব্রিটেনের প্রথম ভারতীয় বংশোদ্ভূত স্বরাষ্ট্রমন্ত্রী কে?
(a) প্রীতি প্যাটেল (b) শৈলেশ ভারা (c) ইন্দ্রজিৎ সিং (d) বীরেন্দ্র শর্মা

61. সংবিধান রচনার জন্য কত সালে গণপরিষদ গঠিত হয়?
(a) 1945 (b) 1946 (c) 1947 (d) 1948

62. 'মুসলমান' নামে দৈনিক পত্রিকা ভারতের কোন শহর থেকে প্রকাশিত হয়?
(a) মুম্বই (b) পটনা (c) কলকাতা (d) চেন্নাই

63. নিরক্ষরেখা থেকে উভয় মেরুর দূরত্ব কত কিলোমিটার?
(a) 10,002 (b) 10,102 (c) 10,305 (d) 10,508

64. প্রথম কোন মহিলা চিত্রাভিনেত্রী রাজ্যসভায় মনোনীত হন?
(a) হেমামালিনী (b) জয়া বচ্চন (c) নার্গিস দত্ত (d) রেখা গণেশন

65. আন্ধ্রা প্রদেশের অনন্তপুর জেলা কীসের জন্য বিখ্যাত?
(a) রুপো উৎপাদন (b) লোহা উৎপাদন (c) তামা উৎপাদন (d) সোনা উৎপাদন

66. ইলেক্ট্রিক বাল্বের ফিলামেন্ট কোন ধাতু দিয়ে তৈরি হয়?
(a) টাংস্টেন (b) তামা (c) অ্যালুমিনিয়াম (d) অভ্র

67. পারমাণবিক শক্তি উৎপাদনের জন্য কোন ধাতু ব্যবহৃত হয়?
(a) বেরিয়াম (b) ইউরেনিয়াম (c) থেরিয়াম (d) সোডিয়াম

68. শিখ খালসা সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?
(a) গুরু অর্জুন দেব (b) গুরু গোবিন্দ সিং (c) গুরু তেগবাহাদুর (d) গুরু হরগোবিন্দ

69. জেট বিমানে কোন জ্বালানি ব্যবহৃত হয়?
(a) পেট্রোল (b) ডিজেল (c) গ্যাস (d) কেরোসিন

70. ভারতের বৃহত্তম কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?
(a) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (b) পুদুচেরি (c) লাক্ষাদ্বীপ (d) চণ্ডীগড়

71. ওলন্দাজরা তাদের প্রথম বাণিজ্যকেন্দ্র ভারতের কোন শহরে স্থাপন করেন?
(a) কলকাতা (b) শ্রীরামপুর (c) মাসুলিপতনম (d) গোয়া

72. সিন্ধু সভ্যতা কত সালে আবিষ্কৃত হয়?
(a) 1880 (b) 1921 (c) 1935 (d) 1965

73. 'ইউনেস্কো'র সদর দফতর বিশ্বের কোন শহরে আছে?

☞ এরপর ১৮ পাতায়

Scanned by CamScanner

# মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204],
Maslandapur, North 24 Parganas, Website : www.mvacc.org.in

## শংকর দার কোচিং

জীবন যুদ্ধে থাকবো পাশে

সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী

2018 সালের WBP Main পরীক্ষায় যে শত শত ছাত্র আমাদের প্রতিষ্ঠান থেকেই পাশ করলেন, তাদের অসংখ্য অভিনন্দন। 2019 সালে যারা Prelims পরীক্ষায় ন্যূনতম Cut-off নম্বর পাবেন Main এর ক্লাস এখনই শুরু করুন কারণ Physical এর পর বেশী সময় পাওয়া যায় না। ইংরেজি বিষয়ে special ক্লাস। ভর্তি নেওয়া হবে মোট 2000 জনকে। মনে রাখবেন WBP তে সবচেয়ে বেশী চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে।

সেনাবাহিনির শিলিগুড়ি, কলকাতা, বহরমপুর র‍্যালির Physical ও লিখিত পরীক্ষার প্রস্তুতি শুরু হয়েছে। এখনই যোগাযোগ করুন। এছাড়া যারা সেনাবাহিনীর Relation Rally তে যাবেন, এখনই ক্লাস শুরু করুন।

পশ্চিমবঙ্গ পুলিশে SI পদে প্রচুর শূন্যপদ, এই সুযোগ হাতছাড়া করবেন না, নিশ্চিতভাবে সাফল্য অর্জনের জন্য আজই যোগাযোগ করুন। ক্লাস শুরু 25 শে আগস্ট 2019। এখন থেকেই (Prelims + Main) এর ক্লাস করুন।

রাজ্য সরকারের প্রায় 34000 শূন্যপদ আসন্ন। এখন থেকেই প্রস্তুতি শুরু করুন।

গত ৪ই আগস্ট তারিখে যারা WBP Main পরীক্ষায় পাশ করলেন, তাদের জন্য শুরু হয়েছে বিশেষ Mock-Interview ক্লাস। এখানে Mock-Interview এমনভাবে ক্লাস নেওয়া হয় যা প্রকৃত Interview এর সাথে অনেক প্রশ্ন হুবহু মিলে যায়। ফি — 1200 টাকা। দূরাবর্তীদের Interview এর জন্য থাকা ফ্রি

WBCS 2020 — নতুন ব্যাচ শুরু হবে 15ই আগস্ট 2019, (Optional – Anthropology)

BSF Tradesman, CISF Head Constable — সপ্তাহে 6টি ক্লাস

গতবারের SI পরীক্ষায় যারা লিখিত পরীক্ষায় পাশ করে Interview দিলেন তাদের কয়েকজনের ছবি দেওয়া হল।




ভর্তি চলছে : WBP Mains 2019 › ICDS › জেল পুলিশ › আফগারী কনস্টেবল › R.P.F. › Railway NTPC › Railway Gr-D
PSC Clerkship › PSC মিসলেনিয়াস › SSC ৮ বাহিনী › W.B.C.S (Optional - Anthropology) › C.I.S.F › AIRFORCE X & Y (সপ্তাহে 6 দিন ক্লাস)
Indian Navy › কোলকাতা পুলিশ › BSF Tradesman › CISF Tradesman › Coast Guard

বিঃদ্রঃ হেড অফিসের ফোন নম্বরগুলিতে কোচিং সংক্রান্ত বিষয় জানার জন্য বিভিন্ন নম্বরে বার বার ফোন না করে একবারই ফোন করে যাবতীয় তথ্য শুনে নিন ও অন্যকে ফোন করার সুযোগ করে দিন।

মনে রাখবেন : সরকারী চাকরী পেতে হলে চাই অধ্যাবসায়, সঠিক অনুশীলন, তাই অসাধু চক্রের প্রলোভনে পড়ে নিজের ভবিষ্যৎ নষ্ট করবেন না।

দূরাবর্তি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য রয়েছে প্রতিষ্ঠানের তিনটি নিজস্ব হোস্টেল।

বিঃদ্রঃ- RPF, Rail Group-D, SSC আটবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।

**হেড অফিস** (সপ্তাহে 7 দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা,
(শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে)
ADMISSION HELPLINE : 7718148464, 9733894444, 9547004388, 7432955888

**বাঁকুড়া শাখা**
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া
(বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
ADMISSION HELPLINE : 8001693133

বিঃদ্রঃ নদীয়া, মুর্শিদাবাদের ছাত্রছাত্রীরা যোগাযোগ করুন এই নম্বরে : 8436682294, 9735671012


Scanned by CamScanner

# কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের অধীনে জৈব প্রযুক্তির ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের অধীন জৈব প্রযুক্তি বিভাগ, ২০১৯-'২০ সেশনের বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রামের জন্য অনলাইনে দরখাস্ত জমা নিচ্ছে। এই ট্রেনিং দেওয়া হবে ডি.বি.টি স্কিল বিজ্ঞান প্রকল্পের অধীনে। এই প্রকল্পে জৈব প্রযুক্তির ছাত্রছাত্রীদের জৈব প্রযুক্তি সংস্থায় হাতেকলমে ট্রেনিং দেওয়া হবে, যাতে ছাত্রছাত্রীরা সংশ্লিষ্ট শিল্প সংস্থায় কাজের ক্ষেত্রে দক্ষ হতে উঠতে পারেন ও চাকরি পেতে পারেন। ট্রেনিং চলার সময় প্রার্থীদের স্টাইপেন্ড দেওয়া হবে।

কারা আবেদন করতে পারেন : যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে বায়োটেকনোলজি বা, বায়োইনফর্মেটিক্স বিষয়ে বি.ই/বি.টেক/এম.এসসি/এম.টেক/এম.ভি.এসসি/এম.বি.এ কোর্স পাস ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। প্রার্থীদের ২০১৮ বা, ২০১৯ সালে পাশ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই : আবেদনের ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক এন্ট্রান্স টেস্ট ও ইন্টারভিউয়ের ভিত্তিতে। সারা ভারতের বিভিন্ন জায়গায় এন্ট্রান্স টেস্ট নেওয়া হবে।

কীভাবে আবেদন করবেন : আগ্রহীদের অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন শুরু হয়েছে ও চলবে ২২ আগস্ট পর্যন্ত। প্রথমে ক্লিক করতে হবে এই লিঙ্কে http://www.bcil.nlc.in/bitp2019/index.asp এরপর ক্লিক করুন Application form for Students (New User). এরপর নতুন ইউজার আই.ডি ও পাশওয়ার্ড দিয়ে অ্যাকাউন্ট করুন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিনের আগের দিনের পর্যন্ত যতবার খুশি অ্যাকাউন্ট এডিট করতে পারেন। অনলাইনে আবেদন করার আগে প্রার্থীদের যা করতে হবে — (১) প্রার্থীর পাশপোর্ট মাপের ফটো জে.পি.ই.জি ফরম্যাটে স্ক্যান করতে হবে। (২) প্রার্থীর সই জে.পি.ই.জি ফরম্যাটে স্ক্যান করতে হবে। (৩) ডিমান্ড ড্রাফট নম্বর, তারিখ, ব্যাঙ্কের নাম।

পরীক্ষার ফি : পরীক্ষার ফি বাবদ ৫০০ টাকা পাঠাতে হবে Biotech Consortium India Limited এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন নয়াদিল্লি। ডিমান্ড ড্রাফটের উল্টোদিকে লিখবেন অ্যাপ্লিকেশন আই.ডি, নাম ও জন্ম তারিখ, মোবাইল নম্বর।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দিতে হবে (১) ডিমান্ড ড্রাফট (২) শিক্ষাগত যোগ্যতার স্বপ্রত্যয়িত নকল। যাঁরা ২০১৯ সালে পরীক্ষা দিয়েছেন, তাঁদের ক্ষেত্রে জমা দিতে হবে সংশ্লিষ্ট কলেজ/বিশ্ববিদ্যালয়ের প্রধানের সই করা সার্টিফিকেট। বয়ান পাবেন এই ওয়েবসাইটে www.bcil.nic.in (৩) বাসিন্দার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত কপি। সিস্টেম জেনারেটেড অ্যাকনলেজমেন্ট কপি ও পূরণ করা দরখাস্ত স্পিড পোস্ট/ক্যুরিয়ারের মাধ্যমে পাঠাতে হবে ২২ আগস্টের মধ্যে এই ঠিকানায় — Programme Co-ordinator, DBT-BITP, Biotech Consortium India Ltd, 5th Floor, Anuvrat Bhavan, 210, Deen Dayal Upadhyaya Marg, New Delhi-110002. বিস্তারিত তথ্য জানতে পারবেন এই ওয়েবসাইটে www.bcil.nic.in

কোর্স

# প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির কোর্স

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের রসায়ন ও পেট্রোরসায়ন ও সার মন্ত্রকের অধীন 'সেন্ট্রাল ইনস্টিটিউট অফ প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি' (CIPET) প্লাস্টিক ইঞ্জিনিয়ারিংয়ের ৪টি কোর্সে ভরতি নিচ্ছে। এই ৪টি কোর্সের নাম, যোগ্যতা ও মেয়াদ হল —

(১) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক প্রসেসিং ও টেস্টিং, যোগ্যতা : কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে ৩ বছরের সায়েন্স গ্র্যাজুয়েট, মেয়াদ : দেড় বছর। (২) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক মোল্ড ডিজাইন উইথ CAD/CAM, যোগ্যতা : মেকানিক্যাল/প্লাস্টিক টেকনোলজি/টুল/প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/টুল ও ডাইমেকিং বা, DPMT/DPT (CIPET) বা, সমতুল বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, মেয়াদ : দেড় বছর। (৩) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : ক্লাস টেন পাশ, মেয়াদ : ৩ বছর। (৪) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। সব কোর্সের ক্ষেত্রে বয়সের কোনো কড়াকড়ি নেই।

আগ্রহী প্রার্থীদের সম্পূর্ণ বায়োডাটা-সহ দরখাস্ত নিয়ে নীচের কেন্দ্রে কাউন্সেলিংয়ের জন্য আসতে হবে। সঙ্গে নিয়ে আসতে হবে ৫,০০০ টাকার ক্যাশ বা, ডিমান্ড ড্রাফট। ডিমান্ড হবে CIPET'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'হলদিয়া'। এছাড়াও এই ই-মেলে বায়োডাটা পাঠাতে পারেন — CIPET.haldia@gmail.com

অতিরিক্ত বিষয় জানতে ও নির্ধারিত কেন্দ্র জানতে ফোন করতে হবে - (১) পুরুলিয়া/বাঁকুড়া/দুর্গাপুর/বীরভূম/বর্ধমান/আসানসোল — 9433369052/9531680988 (২) বারাসাত/হুগলি/হাওড়া/কৃষ্ণনগর/ডায়মন্ডহারবার/কাকদ্বীপ/নামখানা — 8008558644/629505776 (৩) মালদহ/শিলিগুড়ি/রায়গঞ্জ/বালুরঘাট/কোচবিহার/আলিপুরদুয়ার — 9474306377/9732241291. এছাড়াও অন্যান্য জায়গার জন্য ফোন করতে পারেন এই ২ নম্বরে — 8008558644/9433369052.

# নিখরচায় প্লাস্টিক্সের মেশিন অপারেটর অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : সেন্ট্রাল ইনস্টিটিউট অফ প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি নিখরচায় প্লাস্টিক্স মেশিন অপারেটরের ২টি কোর্সের ট্রেনিং দিচ্ছে। কোর্স ২টি হল — (১) মেশিন অপারেটর অ্যাসিস্ট্যান্ট - ব্লো মোল্ডিং (২) মেশিন অপারেটর অ্যাসিস্ট্যান্ট - প্লাস্টিক প্রসেসিং। ২টি কোর্সের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার ক্লাস এইট পাশ, মেয়াদ ৩ মাস, সীট ৫০টি। বয়স হতে হবে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলিরা ৫ বছর আর ওবিসিরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং ও সেইসঙ্গে থাকা ও খাওয়ার খরচ বহন করবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড। ট্রেনিং হবে হলদিয়ার সিপেটের অফিসে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ২০ আগস্ট ও ইন্টারভিউ হবে ২৩ আগস্ট। ইন্টারভিউ হবে সকাল ১০টায় এই ঠিকানায় — CIPET : CSTS - Haldia, City centre, Debhog. প্রার্থীদের পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার মধ্যে। আবাসিক ট্রেনিং।

আবেদন করতে হবে নির্ধারিত বয়ানে। এই বয়ানে থাকবে — (১) প্রার্থীর নাম, (২) কোর্সের নাম, (৩) বাবার নাম ও পেশা, (৪) জন্মতারিখ ও বয়স, (৫) লিঙ্গ, (৬) ক্যাটেগরি, (৭) আধার কার্ড, (৮) পরিচয়পত্র, (৯) মার নাম, (১০) বাসস্থান, (১১) পারিবারিক আয়, (১২) ঠিকানা, (১৩) স্থায়ী ঠিকানা ও মোবাইল নম্বর, (১৪) শিক্ষাগত যোগ্যতা।

দরখাস্ত জমা দিতে হবে ১৬ আগস্টের মধ্যে এই ঠিকানায় — Central Institute of Plastics Engineering & Technology (CIPET), City centre, Debhog, P.O. Haldia - 721657, Purbo Medinipur, Ph : 03224-255534. আবেদনপত্র ই-মেলেও পাঠাতে পারেন — cipet.haldia.stc@gmail.com

# কেন্দ্রীয় সংস্থায় হাতের কাজের ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এন.এস.আই.সি (NSIC) টেকনিক্যাল সার্ভিস সেন্টার ৫টি ট্রেডে হাতের কাজের ট্রেনিং দিচ্ছে। এন.সি.ভি.টি স্বীকৃত এই ৫টি ট্রেড হল : (১) ফিটার। মেয়াদ ২ বছর। (২) টার্নার। মেয়াদ ২ বছর। (৩) ওয়েল্ডার। মেয়াদ ১ বছর। (৪) সার্ভেয়র। মেয়াদ ২ বছর। (৫) ড্রাফটসম্যান (মেকানিক্যাল)। মেয়াদ ২ বছর। সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার ক্লাস টেন পাশ। সংস্থার আধিকারিক জানান, সফল প্রার্থীদের সরকারি-বেসরকারি সংস্থায় চাকরির সুযোগ আছে। আগ্রহীদের উদ্যমী হতে পরামর্শ দেওয়া ও স্টার্ট-আপ ব্যবসা গড়তে সাহায্য করা হয়। এছাড়াও এখানে স্বল্পমেয়াদী এইসব ট্রেনিং দেওয়া হয় : (১) স্যাপ (SAP), (২) রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং, (৩) CNC প্রোগ্র্যামিং, (৪) কোয়ালিটি কন্ট্রোল ও ইন্সপেকশন, (৫) অটোমোবাইল, (৬) ফায়ার অ্যান্ড সেফটি। ভরতির জন্য সরাসরি যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : NSIC টেকনিক্যাল সার্ভিস সেন্টার, জাপানিগেট, বান্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন : ৯৮৩৬০৪৫৯২১, ৯৬৭৯২৪৪৪৪৪।

সুনিশ্চিত ভবিষ্যত গড়তে ITI করুন
NCVT কোর্স — FITTER, ELECTRICIAN, WELDER, COPA
যোগাযোগ — Himadri Technical Training Institute
Coaching Centre
কল্যাণী, নদিয়া
8017092941, 8697613034
সালার : 964194676
রিষড়া : 9748044192
Need Electrician Teacher

B.Tech/Diploma/ITI
পাশদের গভঃ চাকরির প্রশিক্ষণ
Rail JE CBT -2
Mech./Elec./Civil
Tech. New Advance Batch Open
SSC/KMC/PSC/HPCL/DRDO/VI
Fitter ও Electrician পৃথক ব্যাচ শুরু হচ্ছে।

SUCCESS
সদ্য প্রকাশিত Asst. Loco Pilot Surojit Naiya
GURUKUL
Study Centre For Technical Service Exam
(NTPC/GR-D)
ব্যাচে ভর্তি চলছে
MECH./ELEC./CIVIL পৃথক ব্যাচে ভর্তি চলছে
★ FACULTY একাধিক Prof. ও গভঃ ইঞ্জিনিয়ার
Garia Stn. 9874074233
Kol-84 8013958966

CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (C.I.M.S.T.)
APPROVED BY BSS, Govt. of India
নার্সিং / প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে
G.N.M, B.Sc. নার্সিং (INC Approved)
DMLT, ফিজিওথেরাপি, এক্স-রে, SCAN, MRI, Dip. in Radiology, ECG, O.T, Dialysis; Critical Care, D.Opt. (চক্ষু), CMS & ED (Allo), D.A.M.S (আয়ুর্বেদ), D.H.M.S (হোমিও), D.D.H (ডেন্টাল), CCDS। যোগ্যতা : MP / HS
Campus : 126B, Raja Rammohan Sarani, শিয়ালদহ পূরবী সিনেমার কাছে, Kol-9.
M : 9331062421, 7478139891 (10 am to 6 pm)
Website : www.cimst.org.in

Upto 90% Scholarship
B Radiology Imaging
S Phyc. Asst, Optom
C Microbiology, CS
MA Eng, M.Sc.-M, B.Com.
LLB, BBA-LLB, LLM
Dip. Engg কলকাতা থেকে
8240565056
8017250976

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।
● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন
নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

## ১ হাজার অ্যাসিস্ট্যান্ট, অ্যাটেন্ড্যান্ট

১ পাতার পর

কোন রিজিয়নে কোন কোন পদে ক'টি শূন্যপদ :

ইস্টার্ণ রিজিয়নে নেওয়া হবে এইসব পদে :

**পোস্ট কোড : ER11019: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট :** বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২)। চাকরি হবে কলকাতার জুলজিক্যাল.সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER11719: জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। এম.এসসি. কোর্স পাশ ও ড্রাগ অ্যানালিসিস বিষয়ে জ্ঞান থাকলে ভালো হয়। শূন্যপদ : ৫টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল ড্রাগস ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER11919: প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** বটানি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। সিস্টেমেটিক বটানি, ফিল্ড কালেকশন, হারবেরিয়াম মেথডোলজি, প্রিজার্ভেশন টেকনিক্স সংক্রান্ত বিষয়ে জ্ঞান আর হিন্দিতে লিখতে ও পড়তে জানলে ভালো হয়। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER12019: গার্ডেন অবজার্ভার :** অ্যাগ্রিকালচার, ফরেস্ট্রি, বটানি, বা, হর্টিকালচারের বি.এসসি. কোর্স পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER12119: সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** বটানি নিয়ে বি.এসসি কোর্স পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। প্ল্যান্ট প্রিজার্ভেশন ও কালেকশন সংক্রান্ত বিষয়ে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সিস্টেমেটিক বটানি, ফিল্ড কালেকশন, হারবেরিয়াম মেথডোলজি, প্রিজার্ভেশন টেকনিক্স সংক্রান্ত বিষয়ে জ্ঞান আর হিন্দিতে লিখতে ও পড়তে জানলে ভালো হয়। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১০, তঃজাঃ ৫, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER12219: ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং) :** বিজ্ঞান নিয়ে মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১১, তঃজাঃ ১, ও.বি.সি. ৬)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER11319: ল্যাবরেটরি টেকনিশিয়ান :** মাধ্যমিক পাশরা ল্যাবরেটরি টেকনিশিয়ানের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। মাধ্যমিক পাশরা ল্যাবরেটরির কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে ইনস্টিটিউট অফ সেরোলজি।

**পোস্ট কোড : ER11219: প্রাইমারি টিচার :** উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টে।

**পোস্ট কোড : ER12319: অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং স্টাফ) :** মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৪)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায়।

**পোস্ট কোড : ER10619: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) :** ফিজিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক, ইলেক্ট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে কলকাতার ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER10219: জুনিয়র ইঞ্জিনিয়ার (কোয়ালিটি অ্যাসিওরেন্স) :** ফিজিক্স বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (তঃউঃজাঃ)। চাকরি হবে ডিফেন্স প্রোডাকশনে।

**পোস্ট কোড : ER10419: জুনিয়র ইঞ্জিনিয়ার (কোয়ালিটি অ্যাসিওরেন্স) :** ফিজিক্স বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল, প্রোডাকশন, মেশিন অ্যান্ড টুলস টেকনোলজি ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে ডিফেন্স প্রোডাকশনে।

**পোস্ট কোড : ER10519: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল) :** কেমিস্ট্রি বা, মাইক্রোবায়োলজি বিষয় নিয়ে মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, কেমিক্যাল প্রোডাকশনের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER10319: জুনিয়র ইঞ্জিনিয়ার (কোয়ালিটি অ্যাসিওরেন্স) :** ফিজিক্স বা, কেমিস্ট্রি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (তঃউঃজাঃ)। চাকরি হবে ডিফেন্স প্রোডাকশনে।


## আর্মি, নেভি, এয়ারফোর্স ও রাজ্য পুলিশ-এ নিশ্চিত সাফল্যের দিশা দেখাচ্ছে ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমি

কর্ণধার ও শিক্ষক আহমেদ আলি স্যারের তত্ত্বাবধানে যেসব কোর্সে ভর্তি চলছে : আর্মি (শিলিগুড়ি / ব্যারাকপুর র‍্যালি), নেভি (এম.আর / এস.এস.আর / এ.এ), এয়ারফোর্স (এক্স / ওয়াই), রাজ্য পুলিশের (প্রিলি ও মেইনস্ ও ইন্টারভিউ), সি.আই.এস.এফ (হেড কনস্টেবল), বি.এস.এফ (ট্রেডস্‌ম্যান)। পরবর্তী ব্যাচ ১৬, ২০, ২৬ ও ৩০ আগস্ট ২০১৯। ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাস। ইংরেজি এবং বাংলাতে স্পেশাল নোটস্, স্টাডি মেটেরিয়ালস ও মক টেস্ট। দুর্বল ছাত্রদের পড়াশোনা ও মাঠের প্রস্তুতির উপর বিশেষ নজরদারি। নিজস্ব হোস্টেলে বহিরাগতদের থাকা-খাওয়ার সুব্যবস্থা। যোগাযোগ : হেড অফিস- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮ (শ্রীকৃষ্ণ হোটেলের নিকটে), ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। শিলিগুড়ি- ৭৮৯০০০৯৬৭২। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।


চাকরি হবে ডিফেন্স প্রোডাকশনে।

সেন্ট্রাল রিজিয়নে নেওয়া হবে এইসব পদে :

**পোস্ট কোড : CR10219: সিনিয়র কনজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ২)। চাকরি হবে আর্কিওলজিক্যাল সার্ভেতে।

**পোস্ট কোড : CR10419: ব্লাকস্মিথ :** মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে।

**পোস্ট কোড : CR10519: এম.টি.এস. (এম.এ.) :** মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে এলাহাবাদ সি.জি.এফ.এস.-এ।

**পোস্ট কোড : CR10619: এম.টি.এস. (এল.এম.এ.) :** মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২)। চাকরি হবে এলাহাবাদ সি.জি.এফ.এস.-এ।

**পোস্ট কোড : CR10819: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (জেনটেক্স) :** ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৯)। চাকরি হবে নিউদিল্লি ডি.জি.কিউ.এ.-তে।

**পোস্ট কোড : CR11219: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) :** ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৬)। চাকরি হবে কানপুর ডি.জি.কিউ.এ.-তে।

**পোস্ট কোড : CR11319: এম.টি.এস. (এম.এ.) :** মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য।

এরপর ১৫ পাতায়


Admission for 2019

YOUR FUTURE STARTS HERE

GROUP OF INSTITUTIONS

COURSES OFFERED

Polytechnic
Civil, Mechanical, Electrical, Computer Sc. & Technology, Electronics & Telecommunication

B.Tech.
Civil, Mechanical, Electrical, Electrical & Electronics, Electronics & Communication, Computer Sc.

Management (UG) BBA, BHM, BCA
Management (PG) MHA, MCA

M.Tech.
Civil (Structural), Mechanical (Design), Computer Science, Electrical (Machine & Drives), Electronics & Communication Engg. (MVLSI)

We are also offering ELECTRICIAN & FITTER Course for ITI Students

Rated as a TOP 10 in SELF FINANCE COLLEGE

Special Facilities for WORKING PROFESSIONALS of B.Tech. Lateral Entry & VOCLET Students.

SCHOLARSHIP
EXPERT FACULTY
BOOK BANK
FEES IN INSTALLMENTS

LARGEST CAMPUS IN W.B.
HIGHEST ADMISSION CAPACITY IN LATERAL ENTRY
ITI to M.TECH. under ONE ROOF
Pioneer in MAKAUT (WB) in M.Tech. Structural (Civil)

for details application, fees, scholarship etc. 9083265521 9083265522

www.istonline.org.in
admission@istonline.org.in

INSTITUTE of SCIENCE & TECHNOLOGY
Approved by AICTE, Recognised by Govt. of W.B. & affiliated to MAKAUT (WB), WBSCT & VE & SD & NCVT
CAMPUS : Chandrakona Town, Paschim Medinipur, 721201, W.B., India
A unit of GOPSAI AVINANDAN SANGHA



ADMISSION NOTICE for 2019-20

UGC Approved

B.VOC
Bachelor of Vocational Programme



Diploma
Advance Diploma
B.Voc Degree

COURSES OFFERED

Agriculture · Automobiles · Pharmaceutical & Health Administration · Nutrition & Healthcare Services · Refrigeration & Air Conditioning

*50% in 10+2 with PCB

Animation & Graphics Design · Hospital Instrumentation & Management · Interior Designing · Retail Management · Tourism & Hospitality Management

*50% in 10+2 in any stream

Duration 3 Years, No Age Limit

P. G. INSTITUTE of MEDICAL SCIENCES
CAMPUS : CHANDRAKONA TOWN, PASCHIM MEDINIPUR, W.B. PIN - 721201

for details application, fees, scholarship etc.
9083265521
9083265522
www.pgims.org.in


Scanned by CamScanner

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। মানুষের দেহের কোন অঙ্গে অরনিথিন চক্র সম্পন্ন হয় — যকৃৎ।

২। মেন্ডেল বর্ণিত জিনের প্রকৃতি কী — ফ্যাক্টর।

৩। কোন হর্মোন ফুল ফোটাতে অংশ নেয় — ফ্লোরিজেন।

৪। তারামাছের গমন অঙ্গের নাম কী — নালীপদ।

৫। কোন উদ্ভিদ বায়ুদূষণ নির্দেশ করে — লাইকেন।

### পদার্থবিদ্যা

৬। 'মোটরসাইকেল' কে আবিষ্কার করেন — এডওয়ার্ড বাটলার।



৭। কোন যন্ত্রের সাহায্যে অত্যন্ত সূক্ষ্মতার সঙ্গে গোলকের বক্রতা মাপা হয় — স্ফেরোমিটার।

৮। নাইক্রোম তার কী দিয়ে তৈরি — লোহা, নিকেল ও ক্রোমিয়াম।

৯। কোনোদ্রবণে চিনির পরিমাণ পরিমাপক যন্ত্রের নাম কী — স্যাকারিমিটার।

১০। একটি জৈব দ্রাবকের নাম কী — বেঞ্জিন।

### রসায়ন

১১। কোন অ্যাসিডকে কাঁচের পাত্রে রাখা যায় না — হাইড্রোফ্লুওরিক অ্যাসিড।

১২। সাধারণ রাবারের রাসায়নিক নাম কী — পলিআইসোপ্রিন।

১৩। কস্টিক সোডার রাসায়নিক নাম কী — সোডিয়াম হাইড্রক্সাইড।

১৪। বিস্ফোরক তৈরি করতে কী কী পদার্থ ব্যবহৃত হয় — নাইটার, টইলুন, গান পাউডার প্রভৃতি।

১৫। অ্যামোনিয়াম সালফেটের অণুতে ক'টি পরমাণু আছে — ১৫টি।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। কণিষ্কের বিখ্যাত মস্তকহীন মূর্তি কোন শিল্পরীতির উদাহরণ — মথুরা।

১৭। প্রতিহার রাজবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন — প্রথম ভোজ।

১৮। 'শকারি' উপাধি কে নিয়েছিলেন — দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

১৯। হেলিওডোরাসের উপাধি কী ছিল — পরমভাগবত।

২০। শিল্পী ও স্মৃতিশাস্ত্রজ্ঞ শূলপাণি কোন যুগের লোক ছিলেন — সেন।

২১। গিয়াস-উদ-দ্বীন বলবনের আদি নাম কী ছিল — বাহা-উদ-দ্বীন।

২২। শেরশাহ ও হুমায়ুনের মধ্যে সংঘটিত যুদ্ধটি কী নামে পরিচিত — বিলগ্রামের যুদ্ধ।

২৩। সৈয়দ বংশের পতন ঘটান কে — বহলুল লোদী।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২৪। 'গদর পার্টি' কোথায় তৈরি হয়েছিল — সানফ্রান্সিসকো।

২৫। ইংরেজদের জুরি আইনের প্রতিবাদে কে জনমত গঠন করেন — রাজা রামমোহন রায়।

২৬। 'স্যাডলার কমিশন' কত সালে গঠিত হয় — ১৯১৭ সালে।

২৭। কোন ব্রিটিশ গভর্নর জেনারেল ভারতে প্রথম ডাকটিকিট চালু করেন — লর্ড ডালহৌসি।

২৮। প্রথম বয়কটের প্রস্তাব কে দিয়েছিলেন — কৃষ্ণকুমার মিত্র।

২৯। 'হান্টার কমিশন'এর রিপোর্ট কত সালে প্রকাশিত হয় — ১৯২০ সালে।

৩০। 'সিমলা চুক্তি' কোন ভাইসরয়ের আমলে স্বাক্ষরিত হয়েছিল — লর্ড ওয়েভেল।



৩১। 'ভারতীয় জাতীয় কংগ্রেস' কোন বড়লাটের আমলে প্রতিষ্ঠিত হয় — লর্ড ডাফরিন।

৩২। 'পোস্ট অ্যান্ড টেলিগ্রাফ দফতর' কার আমলে স্থাপিত হয় — লর্ড ডালহৌসি।

৩৩। কত সালে সূর্য সেনের ফাঁসি হয় — ১৯৩৪ সালে।

## ভূগোল

### ভারতের ভূগোল

৩৪। 'মেটস্যাট' কী — ভারতের আবহাওয়া বিষয়ক উপগ্রহ।

৩৫। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি তামাক উৎপন্ন হয় — অন্ধ্র প্রদেশ।

৩৬। সবরমতী নদীর উৎপত্তি কোথায় — আরাবল্লী পর্বত।

৩৭। ভারতের একটি ভূকম্পপ্রবণ অঞ্চলের নাম কী — কয়লাখনি অঞ্চল।

৩৮। সাততাল লেক ভারতের কোন রাজ্যে আছে — উত্তরাখণ্ড।

৩৯। ভারতের বৃহত্তম লৌহ ও ইস্পাত কারখানা কোথায় আছে — ভিলাই।

৪০। কাঁসাই ও কেলাঘাই নদী মিলিত হয়ে কোন নদীর সৃষ্টি হয়েছে — হলদি।

৪১। রাউরকেল্লা ইস্পাত কারখানাটি কোন নদীর তীরে আছে — ব্রাহ্মণী নদী।

৪২। নর্মদা ও তাপ্তি নদীর মাঝে কোন পর্বত অবস্থিত — সাতপুরা।

### আন্তর্জাতিক ভূগোল

৪৩। কোন দেশ বেশি কোবাল্টরফতানি করে — জিম্বাবোয়ে।

৪৪। খেজুর উৎপাদন ও রফতানিতে কোন দেশ পৃথিবীতে প্রথম স্থান অধিকার করে — ইরাক।

৪৫। 'জেড্ডা' বন্দর কোন দেশে আছে — সৌদি আরব।

৪৬। নীলনদ আববাহিকার বৃহত্তম বন্দরের নাম কী — আলেকজান্দ্রিয়া।

৪৭। 'ইসলামাবাদ' শব্দের অর্থ কী — শান্তির শহর।

৪৮। ইংল্যান্ডের শহর 'লিডস' কীজন্য বিখ্যাত — পশম দ্রব্যের জন্য।

### কিছু ঐতিহাসিক নদীর বর্তমান নাম

| নদী | বর্তমান নাম |
|---|---|
| কুভা | কাবুল |
| গোমতি | গোমাল |
| সিন্ধু | ইন্ডাস |
| সুষমা | সোহন |
| বিতস্তা | ঝিলম |
| অক্ষিণী | চেনাব |
| বিপাসা | বিয়াস |
| পুরুষ্ণী | রবি |
| শতদ্রু | সুতলেজ |
| সরস্বতী | ঘর্ঘরা/রক্ষী |
| সদানিরা | গণ্ডক |

## অর্থনীতি

৪৯। 'বন্ধন ব্যাঙ্ক'এর মুখ্য অর্থনীতিবিদ এখন কে — সিদ্ধার্থ সান্যাল।

৫০। 'মাইন্ডট্রি লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — দেবাশিস চট্টোপাধ্যায়।

৫১। সম্প্রতি প্রকাশিত 'বিশ্বব্যাঙ্ক'এর ২০১৮ সালের জিডিপি ক্রমতালিকা অনুযায়ী, ভারতের স্থান কত — সপ্তম (ভারতের জিডিপির পরিমাণ ২.৭২ লাখ কোটি টাকা। প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সেদেশের জিডিপির পরিমাণ ২০.৫ লাখ কোটি ডলার)।

৫২। প্রথম কোন ভারতীয় ব্যাঙ্ক, চিনের 'ন্যাশনাল অ্যাডভান্স পেমেন্ট সিস্টেম'এর (CNAPS) সঙ্গে সংযুক্ত হল — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (সাংহাই শাখা)।

৫৩। 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' (RBI) সম্প্রতি কোন ২টি অনলাইন পেমেন্ট সংস্থাকে ২৬ লাখ টাকা জরিমানা করল — মোবিকুইক ও হিপবার।

## রাষ্ট্রনীতি

৫৪। রাষ্ট্রপতি তাঁর কার্যালয়ে প্রবেশের আগে, কে তাঁর শপথ অনুষ্ঠানের পৌরহিত্য করেন — ভারতের প্রধান বিচারপতি।

৫৫। ভারতের কোন কোন রাজ্যকে, প্রথমে স্বশাসিত রাজ্য ও পরে পূর্ণাঙ্গ রাজ্য হিসাবে গ্রহণ করা হয় — মেঘালয় ও সিকিম।

৫৬। ভারতীয় সংবিধান, ভারতবর্ষকে কীভাবে বর্ণনা করেছে — রাজ্য সঙ্ঘ।

৫৭। কোন দেশে 'নাগরিক' শব্দটির উৎপত্তি হয় — গ্রিস।

৫৮। নাগরিকতার ধারণাটি সুন্দরভাবে বিশ্লেষণ করেন কে — অ্যারিস্টটল।

৫৯। 'সংবিধি' কী — আন্তর্জাতিক বিচারালয়ের সংবিধানের নাম।

৬০। রাজ্যসভায় সভাপতিত্ব করেন কে — ভারতের উপরাষ্ট্রপতি।

৬১। ভারতের রাষ্ট্রপতি কী ধরণের শাসক প্রধান — নিয়মতান্ত্রিক বা, নামসর্বস্ব শাসক প্রধান।

৬২। ভারতের রাষ্ট্রপতির বিরুদ্ধে কী ধরণের মামলা দায়ের করা যায় না — ফৌজদারি মামলা।

৬৩। রাজনৈতিক দলকে নির্বাচন প্রতীক বিতরণ করে কে — নির্বাচন কমিশন।

৬৪। ভারতের সংবিধান রচনায় কত সময় লাগে — ২ বছর ১১ মাস ১৮ দিন।

## সাম্প্রতিক ঘটনা

৬৫। ২০১৯ সালে ভেনেজুয়েলার রাজধানী কারাকাসে অনুষ্ঠিত 'নন-অ্যালিগনেড মুভমেন্ট' মিনিস্ট্রিয়াল মিটিংয়ের থিম কী — প্রোমোশন অ্যান্ড কনসোলিডেশন অফ পিস থ্রো রেসপেক্ট ফর ইন্টারন্যাশনাল ল'।

৬৬। নাজ জোশী, যিনি ২০১৯ সালে 'মিস ওয়ার্ল্ড ডাইভার্সিটি' খেতাব পেলেন, তিনি কোন দেশের নাগরিক — ভারত।



৬৭। ব্রিটেনের স্বরাষ্ট্রমন্ত্রী এখন কে — ভারতীয় বংশোদ্ভূত প্রীতি প্যাটেল (ব্রিটিশ স্বরাষ্ট্র দফতরের শীর্ষে এই প্রথম কোনো ভারতীয় বংশোদ্ভূত বসলেন)।

৬৮। ভারতের কোন 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স' (CAPF) অনলাইন এনসাইক্লোপিডিয়া 'সিকিউরিটিপিডিয়া' চালু করেছে — সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (CISF)।

৬৯। 'Chandra Shekhar – The Last Icon of Ideological Politics' বইটির লেখক কে — হরিবংশ নারায়ণ সিং।

৭০। ২০১৯ সালে কোন ভারতীয় ব্যক্তিত্ব, গুয়েনা প্রজাতন্ত্রের সর্বোচ্চ সম্মান 'ন্যাশনাল অর্ডার অফ মেরিট' পেলেন — রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

৭১। কোন ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তিত্ব ২০১৯ সালে 'মিস ইংল্যান্ড'এর খেতাব পেলেন — ভাষা মুখার্জি।



৭২। কোন দেশ সম্প্রতি আনুষ্ঠানিকভাবে 'ইন্টারমিডিয়েট-রেঞ্জ নিউক্লিয়ার ফোর্সেস ট্রিটি' (INF) থেকে বেরিয়ে গেল — মার্কিন যুক্তরাষ্ট্র (১৯৮৭ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রেগন ও প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট মিখাইল গর্বাচভ 'ইন্টারমিডিয়েট-রেঞ্জ নিউক্লিয়ার ফোর্সেস ট্রিটি'তে (INF) স্বাক্ষর করেন। সেই চুক্তি অনুযায়ী, ৫০০ থেকে সাড়ে ৫,০০০ কিলোমিটার পাল্লার মধ্যে থাকা সব ক্ষেপণাস্ত্রকে নিষিদ্ধ করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া)।

৭৩। কান্তিভাট (৮৮ বছর), যিনি ২০১৯ সালের ৪ আগস্ট মারা গেলেন, তিনি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — সাংবাদিকতা।

৭৪। 'ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ' (ICMR) সম্প্রতি, ভারতের প্রথম লার্জ-স্কেল ট্রায়াল 'VPM1002' ও 'Immuvac' টিকা চালু করল। এই ২ টিকা কোন রোগের সঙ্গে সম্পর্কযুক্ত — টিউবারকিউলোসিস।

৭৫। পুলিশি তদন্তে সহায়তার জন্য, ভারতের প্রথম কোন রাজ্য ডিজিটাল ফিঙ্গারপ্রিন্ট ও আইরিশ স্ক্যানিং সিস্টেম 'অটোমেটেড মাল্টি-মডেল বায়োমেট্রিক আইডেন্টিফিকেশন সিস্টেম' (AMBIS) চালু করেছে — মহারাষ্ট্র।

৭৬। ২০১৯ সালে 'ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অফ মেলবোর্ন'এ (IFFM) কোন ভারতীয় অভিনেতা ভিক্টোরিয়ান সরকারের তরফ থেকে 'এক্সেলেন্স ইন সিনেমা' পুরস্কার পেলেন — শাহরুখ খান।

৭৭। ভারতের কোন রাজ্য সরকার মেয়ে সন্তানদের কল্যাণে 'ভালি ডিক্রি যোজনা' চালু করেছে — গুজরাত (এই প্রকল্প অনুযায়ী, গুজরাত সরকার প্রত্যেক মেয়ে সন্তানদের চতুর্থ শ্রেণিতে ভর্তির সময় ৪,০০০ টাকা দেবে, নবম শ্রেণিতে ভর্তির সময় ৬,০০০ টাকা দেবে, এরপর ১৮ বছর বয়স হলে উচ্চশিক্ষার জন্য ১ লাখ টাকা দেবে ও বিয়ের সময় ১ লাখ টাকা দেবে)।

৭৮। দেবাদাস কানাকালা (৭৫ বছর), যিনি ২০১৯ সালের ২ আগস্ট মারা গেলেন, তিনি কোন আঞ্চলিক চলচ্চিত্রের প্রবীণ অভিনেতা ছিলেন — তেলুগু।

## খেলাধূলা

৭৯। ২০১৯ সালে 'কমনওয়েলথ টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের দলগত বিভাগে কোন দল চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেল — ভারত (ইংল্যান্ডকে ৩-২ ব্যবধানে হারিয়ে)।

৮০। ২০১৯ সালে 'কমনওয়েলথ টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের দলগত বিভাগে কোন দল চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেল — ভারত (ইংল্যান্ডকে ৩-০ ব্যবধানে হারিয়ে)।

৮১। ২০১৯ সালে 'আফ্রিকা নেশনস কাপ ফুটবল'এ কোন দল চ্যাম্পিয়ন হল — আলজেরিয়া (সেনেগালকে ১-০ গোলে হারিয়ে)।

৮২। প্রথম ভারতীয় মহিলা হিসাবে, ২০১৯ সালে 'কমনওয়েলথ টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের সিঙ্গলসে কে সোনার পদক পেলেন — ভারতের ঐহিকা মুখার্জি (মধুরিকা পাটকারকে ১১-৬, ১১-৪, ১১-৯ ও ১৯-১৭ ব্যবধানে হারিয়ে)।

৮৩। ২০১৯ সালে দক্ষিণ কোরিয়ায়, সাঁতারের বিশ্বচ্যাম্পিয়নশিপে ১০০ মিটার ব্রেস্টস্ট্রোকে কে সোনার পদক পেলেন — ইংল্যান্ডের অ্যাডাম পেটি (৫৭.১৪ সেকেন্ড সময় করে)।

৮৪। বাংলার কোন প্রাক্তন টেস্ট তারকা ২০১৯ সালে 'ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল'এর (CAB) আজীবন স্বীকৃতির সম্মান পেলেন — অরুণ লাল।



৮৫। ২০১৯ সালে কে 'ব্রিটিশ ওপন গলফ'এর খেতাব জিতলেন — আয়ারল্যান্ডের শেন লাউরি।

৮৬। ২০১৯ সালে 'নিউপোর্ট এটিপি টেনিস প্রতিযোগিতা'য় কে চ্যাম্পিয়ন হলেন — মার্কিন যুক্তরাষ্ট্রের জন রবার্ট ইসনার (রাশিয়ার আলেকজান্ডার স্ট্যানিসলাভোভিচ বুবলিককে ৭-৬ (৭) ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৮৭। ২০২০ সালে তৃতীয় 'খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস' (KIYG) ভারতের কোন রাজ্যের কোন অনুষ্ঠিত হবে — অসমের গুয়াহাটি।

৮৮। ২০১৯ সালে ইন্দোনেশিয়ার লাবুয়ান বাজোতে 'প্রেসিডেন্টস কাপ বক্সিং'এ ৫১ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের চুঙ্গনেইজাং মেরি কম এইচমাঙ্গতে (অস্ট্রেলিয়ার এপ্রিল ফ্রাঙ্কসকে ৫-০ ব্যবধানে হারিয়ে)।

৮৯। 'এশিয়ান বক্সিং কনফেডারেশন্স'এর (ASBC) প্রতিযোগিতা কমিশনের চেয়ারম্যান এখন কে — ভারতের কিরেণ নারসি।

সঙ্কলক : পলি দেওয়ান

## চাকরির জন্য প্রয়োজন সঠিক ও সচেতন সিদ্ধান্ত নেওয়া

# গ্র্যাজুয়েশনের পর উচ্চশিক্ষা? সরকারি চাকরির প্রস্তুতি? নাকি একই সাথে দুটোই —

RICE EDUCATION
Since 1985
www.riceindia.org

**আজও সাফল্যের শিখরে**

RISE WITH RICE

সরকারি চাকরির স্বপ্নকে সফল করতে পরীক্ষার্থী, ছাত্রছাত্রী এবং অভিভাবকেরা অংশগ্রহণ করুন আমাদের কেরিয়ার কাউন্সেলিং মেগা সেমিনারে।

| স্থান | তারিখ ও সময় | ঠিকানা | ফোন |
|---|---|---|---|
| ফলতা | ১৭ আগস্ট ২০১৯ সকাল ১১ টা | ত্রিনয়নী ভিলা - সহরারহাট ফলতা রোড, সহরারহাট নার্সিং হোমের বিপরীতে | 8336986229 / 8479917961 |
| সিউড়ি | ১৭ আগস্ট ২০১৯ দুপুর ১২ টা | গীতশ্রী অনুষ্ঠান হল- জেলখানা গেটের কাছে, সিউড়ি বাসডিপো. | 8479900575 / 9883150550 |
| বেলডাঙ্গা | ১৯ আগস্ট ২০১৯ দুপুর ১২ টা | বেলডাঙ্গা-১ B.D.O অফিস ক্যাম্পাস | 8479917952 / 9434222810 |
| পাঁশকুড়া | ১৯ আগস্ট ২০১৯ সকাল ১১.৩০ | পাঁশকুড়া JSM Guest House পাঁশকুড়া বাসস্ট্যান্ডের কাছে | 8479917954 / 7001968889 |
| এগরা | ২১ আগস্ট ২০১৯ সকাল ১০.৩০ | শিক্ষাঙ্গন- (সেকেন্ড ফ্লোর) এগরা কলেজ রোড, এগরা কলেজ এবং এগরা সাধারণ পাঠাগারের বিপরীতে | 8479917955 / 9434416810 |
| আন্দুল | ২১ আগস্ট ২০১৯ সকাল ১১.৩০ | F.C.A Mini Indoor Hall প্রভু জগৎবন্ধু কলেজের কাছে | 8479917956 |
| বাজকুল | ২২ আগস্ট ২০১৯, সকাল ১১ টা | দেশপ্রাণ মিলন মঞ্চ- বাজকুল কলেজ রোডের কাছে, রেল ক্রসিং | 8479917957 |
| বজবজ | ২৪ আগস্ট ২০১৯ সকাল ১১ টা | গীতশ্রী ভবন বজবজ চৌমাথা, বিষ্টুপাড়া আরতি নার্সিং হোমের কাছে | 8336986229 / 8479917961 |

পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের আর্থ-সামাজিক পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে একমাত্র সরকারি চাকরিই পারে চাকরি ক্ষেত্রে সম্মান, মর্যাদা, উচ্চ বেতন কাঠামো ও চাকরির নিরাপত্তা সুনিশ্চিত করতে।

### সরকারি ক্ষেত্রে কর্মসংস্থানের বিপুল সুযোগ :

একজন স্নাতকের লক্ষ্য যদি সরকারি চাকরি হয়, তাহলে সে প্রতি বছর অন্তত ৩০টি সরকারি চাকরির পরীক্ষায় বসার সুযোগ পায়। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৯-এর জানুয়ারি থেকে এখনও পর্যন্ত প্রায় ২৫টি কেন্দ্র ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।
তাই ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের এ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেওয়া খুব জরুরি যে গ্র্যাজুয়েশনের পরেই সরকারি চাকরির প্রস্তুতি, মাস্টার্স ডিগ্রি, নাকি একসাথে দুটোই?

### সব পেশায় মাস্টার্স ডিগ্রি জরুরি নয় :

শিক্ষকতা, গবেষণা, কারিগরি, চিকিৎসার মতো পেশায় উচ্চশিক্ষা যেমন আবশ্যক অন্য পেশায় উচ্চশিক্ষা বা মাস্টার্স ডিগ্রি তেমন আবশ্যক নয়। সিভিল সার্ভিস, ব্যাঙ্ক, বিমা, রেল, পুলিশ সহ অন্যান্য প্রশাসনিক পেশায় নিয়োগ হয় সর্বোচ্চ স্নাতক যোগ্যতার ভিত্তিতেই— এক্ষেত্রে মাস্টার্স ডিগ্রির প্রয়োজনীয়তা নেই বললেই চলে।

### মাস্টার্স ডিগ্রিও পারে না কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে :

মাস্টার্স ডিগ্রি কেবলমাত্র শিক্ষাগত যোগ্যতাই বৃদ্ধি করে, কর্মসংস্থান নিশ্চিত করতে পারে না। তাই সিদ্ধান্ত নেওয়ার আগে ভাবতে হবে গ্র্যাজুয়েশনের পর আবার দু'বছরের একটি কোর্স সফল কেরিয়ার গড়ার ক্ষেত্রে সত্যিই প্রয়োজন কিনা। শিক্ষকতা, গবেষণা, কারিগরি ও চিকিৎসা ক্ষেত্রে প্রতিষ্ঠিত হওয়ার দরজা যেহেতু সবার জন্য খোলা নয়, তাই প্রশাসনিক ক্ষেত্রে কর্মসংস্থান নিশ্চিত করতে সরকারি চাকরির প্রস্তুতি নিতে হবে গ্র্যাজুয়েশনের পরেই।

### উচ্চশিক্ষা ও সরকারি চাকরির প্রস্তুতির মেলবন্ধন :

বাঙালি ছাত্র-ছাত্রীদের মধ্যে উচ্চশিক্ষার প্রবণতা সব সময়ই বিদ্যমান। অনেক সময় অভিভাবকদের ইচ্ছাতেও অনেকে স্নাতকোত্তর স্তরের পড়াশোনা করেন। এক্ষেত্রে খেয়াল রাখা প্রয়োজন উচ্চশিক্ষার জন্য যাতে সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতির বিলম্ব না ঘটে।

### সাফল্যের জন্য প্রয়োজন সঠিক পদ্ধতির প্রশিক্ষণ :

সরকারি পদে প্রতিষ্ঠিত হতে প্রয়োজন সঠিক প্রস্তুতি। এই প্রস্তুতির ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের গুরুত্ব ও অবদান অনস্বীকার্য। ভালো প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে প্রশিক্ষণ সরকারি চাকরির স্বপ্নকে বাস্তবায়িত করবে। পৌঁছে দেবে কাঙ্ক্ষিত লক্ষ্যে—সাফল্যের শিখরে।

**জেনে নিন সরকারি চাকরির পরীক্ষার সাফল্যের ইতিবৃত্তান্ত ও কিছু ছাত্রছাত্রীর অভিজ্ঞতার কথা...**



**Shankha Roychowdhury**
Railway Kolkata
Assistant Loco Pilot

আইটি সেক্টরের বিপুল হাতছানিতেই বি টেক পড়েছিলাম। কিন্তু সরকারি চাকরির নিশ্চয়তা আমাকে বেশি আকর্ষণ করল। তাই নতুন করে প্রস্তুতি নিলাম রাইস থেকে। এখানকার স্যারদের গাইডেন্স এবং নানাবিধ পরামর্শ নিয়ে পড়েই দ্রুত সাফল্য লাভ করেছি। প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য যে ধরনের পরিবেশ এবং পড়াশোনা করলে সফল হওয়া সম্ভব তার পুরোটাই পেয়েছি রাইস থেকে। লাইব্রেরি থেকে চাকরির পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন ধরনের বই পড়ার সুযোগ পেয়েছি। গ্রুপ স্টাডির দিনগুলো মনে পড়ে। স্যারদের সঠিক গাইডেন্সেই সাফল্য।



**Khusboo Singh**
Indian Statistical Institute
Office Assistant A

বটানি আমার প্রিয় বিষয়। সেই বিষয় নিয়ে অনার্স করার পর উচ্চশিক্ষা নেব স্থির করেছিলাম। কিন্তু মত পালটে সরকারি চাকরির দিকে মনোনিবেশ করলাম। আর সেখানেই পেলাম রাইসকে। সরকারি চাকরিতে যাদের সাফল্য সুবিদিত। ভর্তি হওয়ার পর স্যারদের প্রতিটি কথাই অনুসরণ করে গেছি। যেমনভাবে পড়ার নির্দেশ দিয়েছেন তা ফলো করেছি। দ্রুত উত্তর করার কৌশল ও সময় মেপে সঠিক উত্তর দেওয়ার পদ্ধতি শিখলাম। ডেডিকেশন, ডিটারমিনেশন চাই পরীক্ষায় সাফল্য পেতে।



**Abhijit Mahapatra**
WBCS Group-C
WBSLRS, Grade-I

ফিজিক্সে অনার্স নিয়ে গ্র্যাজুয়েশন করার পরও মাস্টার্স ডিগ্রির দিকে না গিয়ে সরকারি চাকরির জন্য রাইস-এ ভর্তি হয়ে প্রস্তুতি নিতে শুরু করি। আমার স্বপ্ন ছিল ডব্লিউবিসিএস অফিসার হওয়া। রাইসের স্টাডি মেটেরিয়ালস এবং বিভিন্ন টেক্সট বুক ফলো করে গেছি। স্যারদের পড়ানো ও গাইড করার পদ্ধতি সম্পূর্ণ আলাদা। তাই এখানে ভর্তি হওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম স্যাররা বিষয় ওরিয়েন্টেড পড়াতেন, যা অত্যন্ত কাজে এসেছে। মোটিভেশন ক্লাস থেকে পেয়েছিলাম লক্ষ্য পূরণ করার মানসিকতা। ভবিষ্যতে সমাজের বিভিন্ন উন্নয়নের কাজে নিজের দক্ষতার সঙ্গে কাজ করতে চাই।

**COURSES OFFERED : WBCS | General Combined** (Bank, Railway, PSC, LIC, Postal, SSC, WB / Kolkata Police, School etc.)

TOLL FREE 1800 419 7474 (9.30 am - 6.30 pm)

- হেড অফিস-বেলঘরিয়া, 'দিশারী হাউস' — 8479902085 / 8479918026 / 8479902091 / 033 25644340 / 8479918051
  ১১/১, বি টি রোড, রথতলা, (ডানলপের সন্নিকটে), বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬
- সিটি অফিস - শিয়ালদহ — 8479917959 / 8479918013 / 629219021 / 033 23524733, A. K. Point Premises,
  ৬৮বি, এ পি সি রায় রোড, কলকাতা-৭০০০০৯, টাকি হাউজ স্কুল এবং শিয়ালদহ ESI হসপিটালের বিপরীতে

8335008844 Follow us

- https://www.facebook.com/riceeducationindia
- For more details on RICE Group visit the page of Prof. Samit Ray : https://www.facebook.com/samitrayricegroup

| কেন্দ্র | ফোন | কেন্দ্র | ফোন |
|---|---|---|---|
| বেহালা | 8336986229 / 8479917961 | বহরমপুর | 8479917952 / 9434222810 |
| সোনারপুর | 8479917962 | খড়গপুর | 8479917955 / 9434416810 |
| বারাসাত | 8479900574 | মেদিনীপুর | 8479917954 / 7001968889 |
| হাওড়া ময়দান | 8479917956 | তমলুক-মানিকতলা | 8479917957 |
| বর্ধমান | 8479900575 / 9883150550 | শিলিগুড়ি | 8479917965 / 9434139921 |
| আসানসোল | 8479900577 / 8479918034 | মালদা | 8479917953 |
| দুর্গাপুর | 8479900578 / 8479917958 | কোচবিহার | 8479900576 / 8584073874 |

**IAS/ IPS**
Demo on "Art and Science of UPSC- CSE" on 24th August 2019 from 11.00 am at RICE Sealdah
8336951816 / 8336934472

**বারাসাত রাইস রেসিডেন্সিয়াল**
RICE-এর একমাত্র আবাসিক প্রতিষ্ঠান
Adamas Knowledge City
Barasat-Barrackpore Road,
Jagannathpur, Kol-126
8479918032
9880310430

RICE এর হেড অফিস এবং সিটি অফিসের বিশেষজ্ঞ শিক্ষকরাই জেলায় RICE-এর বিভিন্ন Centre-এ ক্লাস নেন। রবিবারও রাইস-এর সমস্ত সেন্টার খোলা থাকে।
হেড অফিস ও সিটি অফিস-এ কর্মরত পরীক্ষার্থীদের জন্য শনি ও রবিবার বিশেষ ক্লাসের ব্যবস্থা আছে।

Scanned by CamScanner

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক্সক্লুসিভ

গত সপ্তাহের পর

**৩১ জুলাই :** শহরে ও শহরাঞ্চলে বৃদ্ধ মানুষদের নিরাপত্তায়, হেল্পলাইন নম্বর (৯৮৩০০৮৮৮৮৪) চালু করল পশ্চিমবঙ্গ সরকার।

☐ যদি কোনো বাড়িতে ২০০ ইউনিটের কম বিদ্যুৎ খরচ হয়, তবে সেই বাড়ির বাসিন্দাদের বিদ্যুৎ খরচের জন্য কোনো টাকা দিতে হবে না বলে জানালেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। এছাড়াও ৪০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ খরচে মিলবে ৫০% ছাড়।

☐ মস্কোয় ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা 'ইসরো'র প্রযুক্তি বিষয়ক সমন্বয়কারী ইউনিট তৈরি অনুমোদন করল কেন্দ্রীয় মন্ত্রিসভা। ইসরোর বিভিন্ন অভিযানের ক্ষেত্রে প্রযুক্তি বিষয়ে ২ দেশে সমন্বয় সাধন করবে এই ইউনিট।

☐ জনসংখ্যা বাড়াতে, তিন সন্তান নীতি চালু করার পরিকল্পনা নিল চিন। এক সন্তান নীতি তুলে দেওয়ার পর জন্মহার লোপ পাওয়ায়, এই পরিকল্পনা নিয়েছে দেশটির লিয়াওনিং প্রদেশ।

☐ ইজরায়েল অধ্যুষিত ওয়েস্ট ব্যাঙ্ক অঞ্চলে, প্যালেস্তিনিদের জন্য সাতশোর ওপর আবাসন প্রকল্প গড়ে তোলার অনুমোদন দিল ইজরায়েলের ক্যাবিনেট।

☐ ফুটবল থেকে অবসর নিলেন ফ্রান্সের তারকা ফুটবলার প্যাট্রিক এভরা।

**১ আগস্ট :** কৃত্রিমভাবে মানবঅঙ্গ তৈরি করার লক্ষ্যে, 'বিতর্কিত' গবেষণা শুরু করল জাপানের একদল বিজ্ঞানী। সরকারি ছাড়পত্র মিলতেই এই প্রথম জাপানে এ ধরণের গবেষণা শুরু হল। জিনগতভাবে পরিবর্তিত কোনো প্রাণীর ভ্রূণ ও মানুষের 'ইনডিউসড প্লুরিপোটেন্ট স্টেম' কোশের সাহায্যে এই কাজ করছেন বিজ্ঞানীরা।

☐ সরকারি কর্মী-অফিসারদের জন্য, রাজ্যের ২২টি জায়গায় আবাসন তৈরি করছে সংশ্লিষ্ট দফতর। যেখানে প্রায় ৬৫০টি ফ্ল্যাট থাকবে। তারমধ্যে বরানগর ও শ্রীরামপুরের মাহেশে এরমধ্যে আবাসন তৈরি হয়ে গিয়েছে।

☐ রাজ্যসভায় ধ্বনিভোটে পাস হয়ে গেল বহু বিতর্কিত 'ন্যাশনাল মেডিক্যাল কমিশন (NMC) বিধেয়ক, ২০১৯'। সংসদের দুই কক্ষেই পাস হয়ে যাওয়ার পরে নতুন আইনে চিকিৎসকদের সংগঠন 'মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া'র (MCI) জায়গা নেবে এই কমিশন।

☐ লোকসভা ও রাজ্যসভায় পাস হয়ে যাওয়ার পর তাৎক্ষণিক তিন তালাক বিধেয়কে স্বাক্ষর করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। রাষ্ট্রপতির সম্মতির সঙ্গে সঙ্গেই তাৎক্ষণিক তিন তালাক বিধেয়কটি আইনে পরিণত হওয়ার ক্ষেত্রে সব বাধা উঠে গেল। এর ফলে দেশে কোনো মুসলিম পুরুষ তাঁর স্ত্রীকে তিন তালাক দিলে সেই অভিযোগ প্রমাণিত হলে তাঁর কারাদণ্ড হবে। এক্ষেত্রে সর্বোচ্চ ৩ বছরের সাজা নির্ধারণ করা হয়েছে।

☐ মুদ্রার নাম বদলের সিদ্ধান্ত নিল ইরান সরকার। এতদিন এই দেশটির মুদ্রার নাম ছিল 'রিয়াল'। এবার তা বদলে হচ্ছে 'তুমান'। এছাড়াও, ব্যাঙ্কনোট থেকে ৪ শূন্য বাদ দেওয়া হচ্ছে। এটি কার্যকর হলে ১ লাখ রিয়ালের নোট হয়ে যাবে ১০ তুমান।

☐ দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে, তাইল্যান্ডে আয়োজিত মন্ত্রী সম্মেলনে যোগ দিলেন ভারতের বিদেশমন্ত্রী সুব্রমনিয়াম জয়শঙ্কর।

☐ শ্রীলঙ্কার কিংবদন্তি অফস্পিনার মুথাইয়া মুরলীথরনের বায়োপিক তৈরি হতে চলেছে। তামিল ভাষার এই চলচ্চিত্রে তাঁর ভূমিকায় থাকবেন বিজয় সেতুপতি।

☐ টাইব্রেকারে বায়ার্ন মিউনিখকে ৬-৫ ব্যবধানে হারিয়ে, 'অডি কাপ' জিতল টটেনহ্যাম হটস্পার।

**২ আগস্ট :** তেলুগু চলচ্চিত্রের প্রবীণ অভিনেতা দেবাদাস কানাকালা (৭৫ বছর) মারা গেলেন।



নির্ভীক সাংবাদিকতা ও সততার কারণে, ২০১৯ সালে সাংবাদিকতা বিভাগে, ফিলিপিন্সের 'রামন ম্যাগসাইসাই' সম্মান পেলেন এনডিটিভি (হিন্দি)-র সাংবাদিক রবীশ কুমার। এই পুরস্কারকে 'এশিয়ার নোবেল পুরস্কার'এ বলা হয়।

☐ শিক্ষকদের যেকোনো ধরণের বদলির আবেদনে প্রত্যেককে ২,০০০ টাকা করে রাজ্যকে দিতে হত। সেই ফি আর নেবে না রাজ্য সরকার। স্কুলশিক্ষা দফতর এই বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

☐ কলকাতাকে পরিবেশবান্ধব ট্রলি বাস দিল বেলারুশ। এইসব বাস তৈরি করেছে বেলারুশের বিখ্যাত বাস ও ট্রাম নির্মাণকারী সংস্থা 'বেলকম্মানমাশ'। এগুলি বিদ্যুৎ ও ব্যাটারি দু'টোতেই চলে।

☐ 'সেভ গ্রিন, স্টে ক্লিন' সচেতনতা ক্যাম্পেন চালু করল পশ্চিমবঙ্গ সরকার।

☐ 'বিশ্বব্যাঙ্ক'এর ২০১৮ সালের জিডিপি ক্রমতালিকা প্রকাশিত হল। তালিকা অনুযায়ী, সপ্তম স্থানে জায়গা করে নিয়েছে ভারত। ভারতের জিডিপির পরিমাণ ২.৭২ লাখ কোটি টাকা। প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সেদেশের জিডিপির পরিমাণ ২০.৫ লাখ কোটি ডলার।

☐ আবাসন শিল্পে চাহিদা বাড়ানোর জন্য, সব আবাসন ঋণদানকারী আর্থিক সংগঠনকে অতিরিক্ত ১০,০০০ কোটি টাকা দেওয়ার কথা জানালো কেন্দ্রীয় সরকার।

☐ দেশের 'উৎকর্ষ কেন্দ্র' হিসাবে ২০টি শিক্ষা প্রতিষ্ঠানকে বেছে নিল কেন্দ্রীয় মানবসম্পদ মন্ত্রক। আন্তর্জাতিক স্তরে ২৮১ নম্বরে থাকা 'খড়গপুর আই.আই.টি' তালিকার পঞ্চম স্থানে আছে। দ্বাদশ স্থানে রয়েছে 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'।

☐ 'টিউবারকিউলোসিস' রোগের জন্য, ভারতের প্রথম ২ টিকা 'VPM1002' ও 'Immuvac'র লার্জ-স্কেল ট্রায়াল চালু করল 'ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ' (ICMR)।

☞ এরপর ১৬ পাতায়

# দ্বিখণ্ডিত উপত্যকা

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

জম্মু ও কাশ্মীর

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর, কাশ্মীরে প্রযোজ্য সাধের ৩৭০ ধারাকে জঞ্জালের স্তূপে পাঠিয়ে এক ঐতিহাসিক পদক্ষেপ নিল নরেন্দ্র দামোদরদাস মোদী সরকার। একইসঙ্গে খারিজ হল ৩৫এ ধারাও। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ওই সংসদীয় সম্মতিপত্রে স্বাক্ষর করার পর, সরকারি গেজেট অনুযায়ী, ২০১৯ সালের ৬ আগস্ট থেকে জম্মু-কাশ্মীরের নতুন পথ চলা শুরু হল। অবসান হল দীর্ঘ ইতিহাসের।

### একনজরে জম্মু-কাশ্মীরের এখনকার পরিস্থিতি

- জম্মু-কাশ্মীর থেকে ৩৭০ ধারা ও ৩৫এ অবলুপ্তি করে 'বিশেষ মর্যাদা'র তকমা কেড়ে নিল কেন্দ্রীয় সরকার।
- দেশের সবথেকে স্পর্শকাতর রাজ্যের কোনো আলাদা সংবিধান থাকল না, এবার থেকে ভূস্বর্গে উড়বে না কোনো আলাদা পতাকা।
- জম্মু ও কাশ্মীর ভেঙে তৈরি হল ২টি আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল — জম্মু-কাশ্মীর ও লাদাখ।
- ২টি রাজ্যেই নিয়োগ করা হবে ২ জন লেফটেন্যান্ট গভর্নরকে।
- জম্মু-কাশ্মীরে আলাদা বিধানসভা থাকলেও, থাকছে না লাদাখে।
- আলাদা সংবিধানের অবলুপ্তি ঘটল।
- জম্মু ও কাশ্মীরের আলাদা পতাকা আর থাকবে কিনা, সংসদ সেই সিদ্ধান্ত নিতে পারবে।
- এবার থেকে জম্মু ও কাশ্মীরের বাইরের নাগরিকরাও সেখানে সম্পত্তি কিনে বসবাস করতে পারবেন।
- জম্মু-কাশ্মীরের ৩ প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আঞ্চলিক নেতা ফারুক আবদুল্লা, ওমর আবদুল্লা ও মেহবুবা মুফতিকে গৃহবন্দি করা হয়।

### ৩৭০ ধারা কী ও কেন

- ১৯৫০ সালের ফেব্রুয়ারিতে, রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ ভারত ও পাক-ই-স্তানকে কাশ্মীর থেকে সেনা সরাতে বলে। কিন্তু কেউই রাজি হয়নি। কাশ্মীর প্রশাসন তখন ছিল শেখ আবদুল্লার অধীনে। তখন শেখ আবদুল্লার সঙ্গে আলোচনা করে জওহরলাল নেহরু, বল্লভভাই প্যাটেল ও গোপালস্বামী আয়েঙ্গার কাশ্মীরের ভারতে সংযুক্তির শর্ত হিসাবে সংবিধানে ৩৭০ ধারা অন্তর্ভুক্ত করেন। যা ছিল অস্থায়ী ব্যবস্থা। পরে ১৯৫৪ সালে যুক্ত হয় ৩৫এ ধারা।

লাদাখ

- ৩৭০ ধারা বিলোপের জেরে, কাশ্মীরের বাইরে থেকে আসা ভারতবাসীরা জম্মু-কাশ্মীরে জমি কিনে স্থায়ীভাবে বসবাস করতে পারবেন।
- এছাড়াও শিল্পে লগ্নি, ব্যবসা বাণিজ্য, চাকরির আবেদন প্রভৃতি ক্ষেত্রেও আর কোনো বাধা থাকল না।
- আগে উপত্যকার কোনো মহিলা ভিন রাজ্যের কাউকে বিয়ে করলে তিনি ও তাঁর উত্তরাধিকার সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত হতেন। এখন সেই নিয়ম ভেঙে গেল।
- ৩৭০ ধারা অনুযায়ী, জম্মু-কাশ্মীরের প্রতিরক্ষা, বিদেশ, অর্থ ও যোগাযোগ ছাড়া সেখানকার অন্য কোনো বিষয়ে হস্তক্ষেপ করার অধিকার ছিল না কেন্দ্রের। এমনকি, আইন প্রণয়নেরও অধিকার ছিল না কেন্দ্র বা, সংসদের। আইন প্রণয়ন করতে হলে জম্মু-কাশ্মীর রাজ্যের সহমত নিতে হত।

### ৩৫এ ধারা কী ও কেন

- ১৯৫৪ সালে রাষ্ট্রপতির নির্দেশে সংবিধানে এই ধারা অন্তর্ভুক্ত হয়।
- এই ধারায় জম্মু-কাশ্মীরের বাসিন্দাদের বিশেষ অধিকার দেওয়া হয়েছে।
- এই ধারা অনুযায়ী, জম্মু ও কাশ্মীরের বিধানসভা স্থির করতে পারে রাজ্যের স্থায়ী বাসিন্দা কারা ও তাঁদের বিশেষ অধিকার কী হবে।
- শুধুমাত্র স্থায়ী বাসিন্দারাই ওই রাজ্যে সম্পত্তির মালিকানা, সরকারি চাকরি বা, স্থানীয় নির্বাচনে ভোট দেওয়ার অধিকার পান।

Scanned by CamScanner

# ১ হাজার অ্যাসিস্ট্যান্ট, অ্যাটেন্ড্যান্ট

১১ পাতার পর

শূন্যপদ : ২০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে কানপুর ডি.জি.কিউ.এ.-তে।

**পোস্ট কোড : CR11419:** এম.টি.এস. (এল.এম.এ.) : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, ও.বি.সি. ৩)। চাকরি হবে কানপুর ডি.জি.কিউ.এ.-তে।

**পোস্ট কোড : CR12419:** গার্ল ক্যাডেট ইন্সট্রাক্টর : ডিগ্রি কোর্স পাশরা ২০ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৮, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস.১)। চাকরি হবে নিউদিল্লির ডিরেক্টরেট জেনারেল এস.সি.সি. বিভাগে।

**কর্ণাটক ও কেরালা রিজিয়নে নেওয়া হবে এইসব পদে :**

**পোস্ট কোড : KK11119: টেকনিক্যাল অপারেটর (মেকানিক্যাল)** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৪)। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে।

**পোস্ট কোড : KK11219: মেকানিক** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১১, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৩)। চাকরি হবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে।

**পোস্ট কোড : KK10819: সিনিয়র কনজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট** : উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে কালচার বিভাগে।

**পোস্ট কোড : KK11319: মেডিক্যাল অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিকক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে।

**পোস্ট কোড : KK10219: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিলজি)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মাইন্স বিভাগে।

**পোস্ট কোড : KK10319: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মাইন্স বিভাগে।

**মধ্য প্রদেশে রিজিয়নে নেওয়া হবে এইসব পদে :**

**পোস্ট কোড : MP10419: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জলসম্পদ মন্ত্রকে।

**পোস্ট কোড : MP10819: নার্সিং অফিসার** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে ভূপাল মেমোরিয়াল হাসপাতালে।

**পোস্ট কোড : MP11519: অ্যাটেন্ড্যান্ট (মেডিক্যাল)** : উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ভূপাল মেমোরিয়াল হাসপাতালে।

**নর্দার্ন রিজিয়নে নেওয়া হবে এইসব পদে :**

**পোস্ট কোড : NR10619: ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে।

**পোস্ট কোড : NR11019: সিনিয়র কনজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে কালচার বিভাগে।

**পোস্ট কোড : NR11119: সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি (তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে কর্পোরেট দফতরে।

**পোস্ট কোড : NR12319: অ্যাকাউন্টস অ্যান্ড স্ট্যাটিস্টিক্যাল অ্যাসিস্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে ক্রেতা উপভোক্তা দপ্তরে।

**পোস্ট কোড : NR12619: টেকনিক্যাল অফিসার (এস অ্যান্ড আর)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)। চাকরি হবে ক্রেতা উপভোক্তা দপ্তরে।

**পোস্ট কোড : NR12919: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ১১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। চাকরি হবে ন্যাশনাল সেন্টার ফর ডিজিস কন্ট্রোলে।

**পোস্ট কোড : NR13119: ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে।

**পোস্ট কোড : NR13419: অ্যাসিস্ট্যান্ট (লিগ্যাল)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ৪)। চাকরি হবে ল অ্যান্ড জাস্টিস বিভাগে।

**পোস্ট কোড : NR13619: টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং)** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : NR14619: টেক্সটাইল ডিজাইনার** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে বস্ত্র মন্ত্রকে।

**পোস্ট কোড : NR14819: মেট্রোলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে ক্রেতা উপভোক্তা দফতরে।

**পোস্ট কোড : NR15419: সাব-ইন্সপেক্টর (ফায়ার)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ২৭, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ৫)। চাকরি হবে স্বরাষ্ট্র দফতরে।

**পোস্ট কোড : NR16919: সেকশন অফিসার (হর্টিকালচার)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে আরবান ডেভেলপমেন্ট অ্যান্ড পভার্টি অ্যালিভেশনে।

**পোস্ট কোড : NR17119: অ্যাসিস্ট্যান্ট ফিল্ড অফিসার** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৪৩টি (জেনাঃ ২৫, তঃজাঃ ১১, ও.বি.সি. ৭)। চাকরি হবে সয়েল অ্যান্ড ল্যান্ড ইউজ সার্ভে অফ ইন্ডিয়াতে।

**নর্থ ওয়েস্টার্ন রিজিয়নে নেওয়া হবে এইসব পদে:**

**পোস্ট কোড : NW10119: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৪২টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। চাকরি হবে প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারানটাইল অ্যান্ড স্টোরেজে।

**পোস্ট কোড : NW10519: অ্যাসিস্ট্যান্ট প্ল্যান্ট প্রোটেকশন অফিসার (এন্টোমোলজি / নেমাটোলজি)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ৪৯টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৫)। চাকরি হবে ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কায়ারানটাইল অ্যান্ড স্টোরেজে।

**পোস্ট কোড : NW10619: অ্যাসিস্ট্যান্ট প্ল্যান্ট প্রোটেকশন অফিসার (প্ল্যান্ট প্যাথলজি / ভিরোলজি/ব্যাকটিরিওলজি)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কায়ারানটাইল অ্যান্ড স্টোরেজে।

**পোস্ট কোড : NW10719: অ্যাসিস্ট্যান্ট প্ল্যান্ট প্রোটেকশন অফিসার (উইড সায়েন্স)** : ডিগ্রি কোর্স পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। এরপর ২১ পাতায়

# কলকাতা হাই কোর্টে ২৫

১ পাতার পর

শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ১২০টি ও ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট ও কম্পিউটারে সন্তোষজনক ফিঙ্গারিং স্পীড থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্তবয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : বর্তমানে ১৩টি (জেনা: ১, জেনাঃ ই.সি. ৯, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ই.সি.-১, তঃউঃজাঃ ১)। প্রত্যাশিত শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের শর্টহ্যান্ড টেস্টে ডাকা হবে। মিনিটে ১২০টি শব্দ তোলার গতিতে এই টেস্ট হবে। এরপর ওই ম্যাটারটি ৪৫ মিনিটে ট্রান্সক্রাইব করতে হবে। এরপর মিনিটে ৩০টি শব্দ তোলার গতিতে কম্পিউটার টেস্ট হবে। কবে কোথায় পরীক্ষা হবে তা কল লেটার পাঠিয়ে জানানো হবে।

দরখাস্ত করবেন সাধারণ 'A-4 (8.5X14 ইঞ্চি)' মাপের কাগজে, নির্দিষ্ট বয়ান টাইপিং করে বা, নিজে হাতে লিখে। এছাড়াও বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.nic.in

পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) জন্ম-তারিখের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (২) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (৩) কম্পিউটার যোগ্যতা, শর্টহ্যান্ড ও টাইপিংয়ের গতি থাকার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) তপশিলী, ও.বি.সি.'রা দেবেন কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) নিজের নাম-ঠিকানা লেখা ও উপযুক্ত ডাকটিকিট সাঁটা ২৫×১১ সেমি মাপের একটি খাম, (৬) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের ওপরের ডান কোণে সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৭) ৪০০ (তপশিলী হলে ২০০) টাকার পোস্টাল অর্ডার। 'The Registrar General, High Court, Calcutta'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'G.P.O. at Calcutta'. দরখাস্ত-ভরা খামের ওপর পদের নাম ও ক্যাটেগরি লিখবেন। দরখাস্ত পৌঁছনো চাই ১১ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Registrar General, High Court at Calcutta, Appellate Side, Calcutta-700 001.

# ১৫৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

সিভিল, কম্পিউটার সায়েন্স /ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্ট টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ২০১৭ সালের পর ডিপ্লোমা পাশ হতে হবে। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৩,৫৪২ টাকা। শূন্যপদ : অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ৮টি, কেমিক্যাল ২৫টি, সিভিল ৮টি, কম্পিউটার সায়েন্স /ইঞ্জিনিয়ারিং ১৫টি, ইলেক্ট্রিক্যাল-১০টি, ইলেক্ট্রনিক্স ৪০টি, ইন্সট্রুমেন্ট টেকনোলজি-৬টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ৪৬টি।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৭ আগস্ট, বেলায় সাড়ে ৯টা থেকে ৫টা পর্যন্ত। এই ঠিকানায় : Govt. Polytechnic College, Kalamassery, Ernakullam Distrrit, Kerala. এই পদের বিজ্ঞপ্তি নং : VSSC/R&R/9.2/VIn/01/2019.

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in তারপর বায়োডাটা ফর্ম প্রিন্ট করে নিয়ে সরাসরি ইন্টারভিউ দিতে হাজির হবেন, ওপরের ঠিকানায়। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in / www.sdcentre.org

B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের
সরকারি চাকরির প্রশিক্ষণ
SAIL, DRDO, TCL, DCL, KMDA, KMC, PDCL ইত্যাদি
R.R.B-JE (CBT - 2) এর Special Batch এ ভর্তি চলছে
itee - technical Govt. Job exam preparation Institute.
Web: www.iteeonlineportal.com
দমদম - 9830859046
বারাসাত - 9804820827

বেরিয়েছে
শিলাদিত্য অগস্ট ২০১৯
গানের ভুবন


'২৬-২৭ বছরের ভীষ্ম, আর পঞ্চাশোর্ধ্ব খাঁ সাহেব। ভারতীয় উচ্চাঙ্গ সংগীতের জগতে এত কম বয়সের গায়কও আছে যে কিনা ওস্তাদদের সঙ্গে পাল্লা দিতে পারবে, তা বোধহয় তিনি বিশ্বাস করতে পারছিলেন না। তাই অবিশ্বাসের ভঙ্গিতে ভীষ্মের দিকে তাকালেন। কিন্তু যাকে নিয়ে ওঁর এত চিন্তা সে কিন্তু নির্বিকার'। এই পর্বের গানের ভুবন-এ ভীষ্মদেব সম্পর্কে ওস্তাদ মন্টু বন্দ্যোপাধ্যায়ের উপলব্ধি ও অভিজ্ঞতার স্বাদ তুলে ধরলেন জয়ন্ত চট্টোপাধ্যায়।
বিদ্যাসাগরকে নিয়ে একগুচ্ছ তথ্য সমৃদ্ধ রচনা।। গল্প, বিশেষ রচনা, কবিতা নিয়ে এবারের শিলাদিত্য।

Scanned by CamScanner

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১৪ পাতার পর

☐ ৩২ বছর আগে মার্কিন যুক্তরাষ্ট্র ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের মধ্যে স্বাক্ষরিত চুক্তি থেকে বেরিয়ে এল ওয়াশিংটন। রাশিয়াও আর এই চুক্তিতে নেই বলে জানিয়ে দিয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৭ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রেগন ও প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট মিখাইল গর্বাচভ 'ইন্টারমিডিয়েট-রেঞ্জ নিউক্লিয়ার ফোর্সেস ট্রিটি'তে (INF) স্বাক্ষর করেন। সেই চুক্তি অনুযায়ী, ৫০০ থেকে সাড়ে ৫,০০০ কিলোমিটার পাল্লার মধ্যে থাকা সব ক্ষেপণাস্ত্রকে নিষিদ্ধ করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া। চুক্তির পরিপ্রেক্ষিতে ১৯৯১ সালে ২,৭০০টি ক্ষেপণাস্ত্র ধ্বংস করে মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া।

☐ এবার থেকে পুরুষ অভিভাবকের অনুমতি ছাড়াই ২১ বছর বা, তার বেশি বয়সি সৌদি মহিলারা বিদেশ সফর করতে পারবেন বলে জানালেন যুবরাজ মহম্মদ বিন সলমন। জন্ম, বিয়ে, ডিভোর্স নথিভুক্ত করতে পারবেন মহিলারা।

**৩ আগস্ট** :লন্ডনের ব্লুমবার্গ অফিসের ইউরোপিয়ান হেডকোয়ার্টারের মাটির তলা থেকে ২,০০০ বছরের পুরনো পেনের খোঁজ পাওয়া গেল। প্রত্নতাত্ত্বিকদের মতে, এটি রোমান যুগের কলম। আধুনিক পেনের থেকে অনেকটা আলাদারকমের দেখতে এই পেন। প্রত্নতাত্ত্বিকরা লোহার তৈরি এই পেনের নাম দিয়েছেন 'স্টাইলাস'। প্রাচীনকালে প্যাপিরাসে ও মোমের আস্তরণযুক্ত কাঠের ট্যাবলেট ও শিলালিপিতে লেখার কাজে ব্যবহৃত হত এই 'স্টাইলাস'। এখনও পর্যন্ত ২০০টি স্টাইলাস খুঁজে পেয়েছেন প্রত্নতাত্ত্বিকরা। তবে ৪টি স্টাইলাসে লেখা ছিল তার প্রাপকের উদ্দেশ্যে এক বিশেষ বার্তা। যা থেকে সে সময়ের যুদ্ধবাজ রোমানদের কৌতুকপ্রিয় ও আবেগপ্রবণতার প্রমাণ পাওয়া যায়। একটি স্টাইলাসে খোদাই করে লেখা আছে, 'পকেটে টাকা না থাকায় সামান্য একটি কলম উপহার দিলাম'। বার্তাটি থেকে বোঝা যাচ্ছে, দীর্ঘ সফর অতিক্রম করে রোম থেকে লন্ডনে এসেছিলেন এক ব্যক্তি। এত দীর্ঘ পথ আসায় তার সঙ্গে থাকা সব টাকা শেষ হয়ে গেছে। তবুও লন্ডনের প্রিয় বন্ধুকে উপহার দিতেই হবে। তাই উপহার দেওয়ার জন্য বেশি টাকা না থাকায় একটি পেন কিনে তা মজার ছলে উল্লেখ করেছেন। ২,০০০ বছর আগে রোমানদের মধ্যে এত ভালো কৌতুক ও সৌজন্যবোধ দেখে অবাক বিশেষজ্ঞরা।

☐ মেয়ে সন্তানদের কল্যাণে 'ভালি ডিক্রি যোজনা' চালু করল গুজরাত। এই প্রকল্প অনুযায়ী, গুজরাত সরকার প্রত্যেক মেয়ে সন্তানদের চতুর্থ শ্রেণিতে ভরতির সময় ৪,০০০ টাকা দেবে, নবম শ্রেণিতে ভরতির সময় ৬,০০০ টাকা দেবে, এরপর ১৮ বছর বয়স হলে উচ্চশিক্ষার জন্য ১ লাখ টাকা দেবে ও বিয়ের সময় ১ লাখ টাকা দেবে।



'কোপা আমেরিকা' চলার সময় লাতিন আমেরিকান ফুটবল সংস্থা'র (কনমেবল) উদ্দেশ্যে আপত্তিকর মন্তব্য করায়, লিওনেল মেসিকে ৩ মাসের জন্য আন্তর্জাতিক ফুটবল থেকে নির্বাসিত করা হল।

☐ গ্রিনল্যান্ডে বরফ গলে তৈরি হল এক আস্ত নদী। তথ্য অনুযায়ী, এই মেরুদেশে প্রায় ৬০% বরফ গলে একটি নদীর রূপ ধারণ করেছে। আবহাওয়া বিজ্ঞানীদের মতে, এবছরই গ্রিনল্যান্ডে হিমবাহ গলে যাওয়ার কারণে সমুদ্রের জলস্তর অনেকটা বেড়ে গেছে। কোথাও কোথাও একমাসের মধ্যে বেড়েছে ০.১ মিলিমিটার বা, ০.০০২ ইঞ্চি। জুলাইয়ে হিমবাহ গলে মোট ১,৯৭০ কোটি টন জল এসে পড়েছে আতলান্তিক মহাসমুদ্রে। গ্রিনল্যান্ডের এই ঘটনায় বরফ গলে মোট ১,০০০ কোটি টন জল সৃষ্টি হয়েছে। বিজ্ঞানীরা জানিয়েছেন, উষ্ণায়ণের জেরে জলস্তর বেড়ে যাওয়ায় বিশ্বের অনেক গুরুত্বপূর্ণ শহর জলের তলায় চলে গেছে।

☐ পুলিশি তদন্তে সহায়তার জন্য, ভারতের প্রথম রাজ্য হিসাবে ডিজিটাল ফিঙ্গারপ্রিন্ট ও আইরিশ স্ক্যানিং সিস্টেম 'অটোমেটেড মাল্টি-মডেল বায়োমেট্রিক আইডেন্টিফিকেশন সিস্টেম' (AMBIS) চালু করল মহারাষ্ট্র সরকার।

☐ ২০২০ সালের সেপ্টেম্বরের মধ্যে, 'জাতীয় জনসংখ্যা পঞ্জী' তথা এনপিআর তৈরি করে ফেলার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এই এনপিআর'ই ভবিষ্যতে সারা দেশে 'জাতীয় নাগরিক পঞ্জী' তথা এনআরসি তৈরির ভিত্তি রচনা করবে বলে জানা গেছে।

☐ যুক্তরাজ্যে, প্রাক্তন রুশ গুপ্তচর সের্গেই স্ক্রিপাল ও তাঁর মেয়েকে বিষাক্ত রাসায়নিক দিয়ে হত্যাচেষ্টার ঘটনায়, রাশিয়ার ওপর নতুন করে নিষেধাজ্ঞা জারি করলেন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই নিষেধাজ্ঞার আওতায়, মার্কিন যুক্তরাষ্ট্রের সব ব্যাঙ্ক রাশিয়াকে ঋণ দিতে পারবে না। এছাড়া, সব আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান থেকে মস্কোকে বাড়তি ঋণ কিংবা কোনোরকম অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহায়তায়ও বাধা দেবে ওয়াশিংটন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালের ৪ মার্চ, যুক্তরাজ্যের সলসবেরি শহরের একটি পার্কের বেঞ্চ থেকে সের্গেই স্ক্রিপাল ও তাঁর মেয়ে ইউলিয়া স্ক্রিপালকে অচেতন অবস্থায় উদ্ধার করে পুলিশ। পরে জানা যায়, তাঁদের দু'জনকে নার্ভ এজেন্ট বা, 'নোভিচক' প্রয়োগ করা হয়েছিল।

☐ রাশিয়ায় অনুষ্ঠিত, 'উমাখানোভ মেমোরিয়াল আন্তর্জাতিক বক্সিং'এ সোনার পদক পেলেন ভারতের নীরজ ও লভলিনা বর্গহেইন।

**৪ আগস্ট** : গুজরাতি সাংবাদিক, লেখক ও কলামিস্ট কান্তি ভাট (৮৮ বছর) মারা গেলেন।



২০১৯ সালে গুয়েনা প্রজাতন্ত্রের সর্বোচ্চ সম্মান 'ন্যাশনাল অর্ডার অফ মেরিট' পেলেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

☐ ব্ল্যাক হোল বা, কৃষ্ণগহ্বর নিয়ে নতুন তথ্য সামনে আনলেন মহাকাশবিজ্ঞানীরা। তাঁরা জানালেন, সূর্যের থেকে কৃষ্ণগহ্বরের আয়তন ৬৬ কোটি গুণ বড়। মহাকাশ গবেষণার ক্ষেত্রে অত্যন্ত আধুনিক পদ্ধতির ব্যবহার করেছেন বিজ্ঞানীরা। ঠান্ডা মলিকিউলার গ্যাস কীভাবে কৃষ্ণগহ্বরকে প্রভাবিত করে, তা পরীক্ষা করে দেখেন বিজ্ঞানীরা।

☐ সকাল ১১টা ৫ মিনিটে,, ওড়িশার চাঁদিপুরের উৎক্ষেপণকেন্দ্র থেকে পরীক্ষামূলকভাবে, সব আবহাওয়ায় আঘাত হানতে সক্ষম কুইক রিঅ্যাকশন ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করল ভারত। এটি ভূমি থেকে আকাশের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে পারে। ভারতীয় সেনাবাহিনীর জন্য বিশেষ এই ক্ষেপণাস্ত্রটি তৈরি করেছে ডি.আর.ডি.ও। ক্ষেপণাস্ত্রটিতে বিশেষ ধরণের বৈদ্যুতিন সেন্সর বসানো আছে, যার সাহায্যে রেডারকেও ফাঁকি দেওয়ার ক্ষমতা রয়েছে এর।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

☐ ব্রিটেনের 'দ্য স্ট্রাকচারাল অ্যাওয়ার্ডস ২০১৯'এর তালিকায় জায়গা করে নিল গুজরাতের সর্দার বল্লভভাই প্যাটেলের ১৮২ মিটার দৈর্ঘ্যের 'স্ট্যাচু অফ ইউনিটি'।



ইউরোপে টানা তিনটি কুস্তি টুর্নামেন্ট থেকে সোনার পদক পেলেন ভারতের মহিলা তারকা বীনেশ ফোগট। এদিন পোল্যান্ডের তারকা রোক্সানাকে ৩-২ ব্যবধানে হারিয়ে, 'পোল্যান্ড ওপন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৫৩ কেজি বিভাগে চ্যাম্পিয়ন হলেন তিনি। এর আগে 'স্প্যানিশ গ্র্যান্ড প্রিক্স' ও ইস্তাম্বুলের 'ইয়াসার দোগু কুস্তি'তেও সোনার পদক জেতেন বীনেশ।

☐ দক্ষিণ আফ্রিকার 'বর্ষসেরা ক্রিকেটার'এর সম্মান পেলেন ফাফ ডুপ্লেসি। পাশাপাশি 'বর্ষসেরা একদিনের ক্রিকেটার'এর সম্মানও পেলেন তিনি।

☐ তুরস্কের এক প্রাচীন শহরে খুঁজে পাওয়া মানুষের একটি মাথার খুলিকে প্রমাণ হিসাবে উপস্থাপন করে তুরস্কের বিজ্ঞানীরা জানালেন, আজ থেকে ২,২০০ বছর আগেও নিউরোসার্জারি ছিল। কারণ ওই মাথার খুলিটিতে অস্ত্রোপচারের স্পষ্ট চিহ্ন পাওয়া গেছে। খুলিটিও কমপক্ষে ২,২০০ বছরের পুরনো। এটি প্রাপ্তবয়স্ক এক পুরুষের মাথার খুলি। বিজ্ঞানীরা মনে করছেন, মাথাব্যথা বা, অন্য কোনো কারণে ওই ব্যক্তির মাথায় অস্ত্রোপচার করা হয়।

☐ ট্যুরিজমে উন্নতি সাধনের জন্য 'ট্যুরস অ্যান্ড ট্র্যাভেলস অ্যাসোসিয়েশন অফ আন্ধ্রা প্রদেশ' (TTAA) ও 'কাম্বোডিয়া অ্যাসোসিয়েশন অফ ট্র্যাভেল এজেন্টস'এর (CATA) মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল।

☐ মলদ্বীপের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট আহমেদ আদিব আব্দুল গফুরকে গ্রেফতার করল মলদ্বীপ পুলিশ।

☐ লিভারপুলকে পেনাল্টি শ্যুট আউটে ৫-৪ গোলে হারিয়ে, 'কমিউনিটি শিল্ড' জিতল ম্যাঞ্চেস্টার সিটি।

☐ চিনা জুটি লি জুন হুই ও লিউ ইউ চেনকে ২১-১৯, ১৮-২১ ও ২১-১৮ ব্যবধানে হারিয়ে, 'তাইল্যান্ড ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের ডাবলসে চ্যাম্পিয়ন হয়ে ইতিহাস গড়লেন ভারতীয় জুটি সাত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেট্টি। প্রথম ভারতীয় ডাবলস জুটি হিসাবে কোনো বিডব্লুএফ ৫০০ খেতাব জিতলেন তাঁরা।

☐ বায়ার্ন মিউনিখকে ২-০ ব্যবধানে হারিয়ে, 'জার্মান সুপারকাপ' জিতল বরুসিয়া ডর্টমুন্ড।

☐ এসি মিলানকে টাইব্রেকারে হারিয়ে, 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন্স কাপ'এ চ্যাম্পিয়ন হল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।

☐ রেনেকে ২-১ গোলে হারিয়ে, 'ফরাসি সুপার কাপ'এ চ্যাম্পিয়ন হল প্যারিস সেইন্ত জার্মেইন।

☐ 'হাঙ্গেরিয়ান গ্রাঁ প্রি'র ফর্মুলা টু'এ চ্যাম্পিয়ন হলেন কিংবদন্তি মাইকেল শুম্যাখারের পুত্র মিক শুম্যাখার।

☐ 'হাঙ্গেরিয়ান গ্রাঁ প্রি'তে চ্যাম্পিয়ন হলেন ব্রিটিশ রেসিং ড্রাইভার লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

**৫ আগস্ট** : 'ডিপার্টমেন্ট ফর প্রোমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড'এর (DPIIT) সেক্রেটারি হলেন গুরুপ্রসাদ মহাপাত্র।

☐ ২০১৯ সালে 'ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অফ মেলবোর্ন'এ (IFFM), ভিক্টোরিয়ান সরকারের তরফ থেকে 'এক্সেলেন্স ইন সিনেমা' পুরস্কার পেলেন ভারতীয় অভিনেতা শাহরুখ খান।

☐ ২০১৯ সালে 'মিস ডাফ ওয়ার্ল্ড'এর সম্মান পেলেন উত্তর প্রদেশের বিদিশা বালন।

☐ 'নোবেল' পুরস্কারজয়ী আফ্রো-মার্কিনি সাহিত্যিক টনি মরিসন (৮৮ বছর) মারা গেলেন। মার্কিন সাহিত্য জগতে আফ্রো-মার্কিন নাগরিক হিসাবে ১৯৯৩ সালে মরিসনই প্রথম 'নোবেল' পুরস্কার পান।

☐ পোল্যান্ডে আন্তর্জাতিক রেসিংয়ের তৃতীয় পর্যায়ে নেমে ভয়ঙ্কর দুর্ঘটনায় মারা গেলেন বেলজিয়ান সাইক্লিস্ট বিয়র্গ ল্যামব্রেখট (২২ বছর)।

☐ জম্মু ও কাশ্মীর নিয়ে ঐতিহাসিক সিদ্ধান্ত নিল নরেন্দ্র দামোদরদাস মোদী সরকার। সংবিধানের ৩৭০ নম্বর ধারা বিলোপের জেরে 'বিশেষ মর্যাদা' হারাল জম্মু-কাশ্মীর। ৩৭০ ধারা বিলোপের সঙ্গে স্বাভাবিক নিয়মেই বাতিল হয়ে গেল এর অধীনে থাকা ৩৫এ ধারাও। একইসঙ্গে রাজ্যের মর্যাদাও হারাল জম্মু-কাশ্মীর। রাজ্যকে ভেঙে জম্মু-কাশ্মীর ও লাদাখ ২টি আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল হল।

☐ ভারতের প্রথম থ্রি-ডি ট্র্যাফিক সিগন্যাল চালু হল মোহালিতে।

☐ বেঙ্গালউরু ভিত্তিক 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হর্টিকালচার অ্যান্ড রিসার্চ' (IIHR), 'অর্ক সুপ্রভাত' নামে এক নতুন আমের প্রজাতির উদ্ভাবন করল।

☐ পাক-ই-স্তানের নন্দীপুর বিদ্যুৎ প্রকল্পের মান উন্নয়নে, এক চিনা কোম্পানির সঙ্গে ১০ বছরের চুক্তি করল পাক-ই-স্তান সরকার।

☐ দেশের প্রাক্তন অধিনায়ক তথা কিংবদন্তি অলরাউন্ডার ড্যানিয়েল লুকা ভেত্তোরির ১১ নম্বর জার্সিকে অবসরে পাঠালো 'নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ড'।

☐ আর্সেনালকে ২-১ গোলে হারিয়ে, 'জোয়ান গ্যাম্পার ট্রফি' জিতল বার্সেলোনা।

☐ ক্যালিফোর্নিয়ায়, 'ইউএস চ্যাম্পিয়নশিপ'এ ২০০ মিটার ব্যক্তিগত মেডলিতে সোনার পদক পেলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সাঁতারু রায়ান স্টিভেন লোচটে।

☐ রাশিয়ার দানিল মেদভেদেভকে ৭-৬ (৬) ও ৭-৬ (৪) ব্যবধানে হারিয়ে, 'ওয়াশিংটন ওপন টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন অস্ট্রেলিয়ার নিকোলাস হিলমি কির্গিয়স।

☐ 'ডেভিস কাপ'এ ভারত ও পাক-ই-স্তান ম্যাচে ভারতীয় দলের অধিনায়ক হলেন মহেশ ভূপতি।

**৬ আগস্ট** : বন্দরে জাহাজ চালিয়ে নজির গড়ে, দেশের প্রথম মহিলা কমান্ডার হলেন সল্টলেকের শর্বরী দাস।



হৃদরোগে আক্রান্ত হয়ে ভারতের প্রাক্তন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ (৬৭ বছর) মারা গেলেন।

☐ দেশে সেরার শিরোপা পেল পশ্চিমবঙ্গ সরকারের 'নির্মল বাংলা' প্রকল্প। এই প্রকল্পে এখনও পর্যন্ত ১ কোটি ৩৫ লাখ পরিবারকে শৌচাগার তৈরি করে দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিটি বাড়িতে শৌচাগার তৈরি, তার ব্যবহার নিশ্চিত করা ও সার্বিক পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তুলতে পশ্চিমবঙ্গ সরকার 'নির্মল বাংলা' প্রকল্প চালু করেছিল।

☐ পশ্চিমবঙ্গের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা সংক্রান্ত অভিযোগ দাখিল করার জন্য নতুন অনলাইন পোর্টাল চালু করল রাজ্য সরকার। পোর্টালটির নাম www.home.wb.gov.in / doctorportal.php

☐ রাজস্থানের জয়সলমীরে শুরু হল 'ইন্টারন্যাশনাল আর্মি স্কাউট মাস্টার্স কম্পিটিশন'।

☐ চিনকে কারেন্সি ম্যানিপুলেটর হিসাবে ঘোষণা করল মার্কিন যুক্তরাষ্ট্র।

☐ ভেনেজুয়েলা সরকারের সব সম্পদের ওপর আর্থিক নিষেধাজ্ঞা চাপালো মার্কিন যুক্তরাষ্ট্র।

☐ রাশিয়ার সঙ্গে ইউরেনিয়াম সরবরাহ চুক্তি করল বাংলাদেশ।

☐ টেস্ট ক্রিকেট থেকে অবসর নিলেন দক্ষিণ আফ্রিকান ক্রিকেটার ডেল উইলিয়াম স্টেন।

☐ চোটের কারণে, অস্ট্রেলিয়ার বিশ্বচ্যাম্পিয়ন মহিলা হার্ডলার স্যালি পিয়ার্সন অবসর ঘোষণা করলেন।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Scanned by CamScanner

# সরকারী চাকুরি পাবার সুবর্ণ সুযোগ

# BCI

পশ্চিমবঙ্গের এখন নং ১ শিক্ষা প্রতিষ্ঠান

এখান থেকে প্রস্তুতি নিলে আপনি সরকারি চাকুরি পাবেনই পাবেন।
মনে রাখবেন ভারতবর্ষের এখন ১ নং ও
ISO 9001:2015 Certified Institute
আপনাকে সরকারি চাকুরি পাওয়ার পূর্ন সহায়তা করবে।

Follow Us -
Website - www.bcionweb.com
Facebook - www.facebook.com/bci4u

**চ্যালেঞ্জ** প্রত্যেক ছাত্র-ছাত্রী কে সরকারি চাকুরির পরীক্ষায় পাশ করানো

**আমাদের বৈশিষ্ট্য :-**

১) নিয়মিত সপ্তাহে প্রতিদিন ক্লাস গ্রহণ পৃথক পৃথক শিক্ষক দ্বারা
২) প্রতি সপ্তাহে OFF LINE / ON LINE TEST ও তার CLARIFICATION
৩) প্রতিটি বিষয়ের উপর উন্নত মানের বই ও নোট প্রদান
৪) শীততাপ নিয়ন্ত্রিত CBT ROOM
৫) ১ বৎসরের মধ্যেই সরকারি চাকুরির পরীক্ষায় পাশ করানোর সহায়তা
৬) সমস্ত ON LINE পরীক্ষার ফর্ম ফিলাপ করানো হয় (বিনামূল্যে)
৭) কোর্স ফি সকলের আয়ত্তের মধ্যে

**B.C.I - এর ট্রেনিং মানেই সফলতা**

**Combined Course -এ ভর্তি চলিতেছে**

বিগত বছরগুলির পরিসংখ্যানে সাফল্যের নিরিখে BCI -এর ছাত্রদের সর্বাধিক চাকুরি পাওয়ার রেকর্ড

**আমাদের সফল ছাত্র-ছাত্রী**



SANTOSH KUMAR, Primary - 2018 | SARBANI BHAR, Rail (ALP) CBT-1 (2018) | SURAJ DAS, Rail (ALP) CBT-1 (2018) | DAYEETA CHOWDHURY, Rail (ALP) CBT-1 (2018) | RITAM DUTTA, Rail (ALP) CBT-1 (2018)



AKHIL BANDHU SANTRA, Rail (ALP) CBT-1 (2018) | SUBHANKAR PRAMANIK, Rail (ALP) CBT-1 (2018) | NILADRI KARMAKAR, Rail (ALP) CBT-1 (2018) | SUBAL HEMBRAM, WB SSC Group - D (2018) | Next Time This Space For YOU

**রেকর্ড সাফল্যের দোরগোরায় যারা -**



Anushree Dey | Debashri Datta | Saurav Ghosh | Sabana Azmi | Barnali Adak



Payel Chatterjee | Pooja Dey | Puja Rana | Paramita Ghosh | Sk. Imfiyaz Ahmmad



Swapna Tudu | Snehasis Chatterjee | Poulami Adak | Shruti Bondhopadhya | ?

**W.B.C.S. ট্রেনিং এ শ্রেষ্ঠত্বের দাবি রাখে B.C.I**

২৫ বছরের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা দ্বারা পরিচালিত



**ডাইরেক্টরের আশ্বাস ছাত্র-ছাত্রীদের প্রতি :-**

২০১৯ - ২০২০ এর মধ্যে সমস্ত ছাত্র-ছাত্রীদের সরকারি চাকুরি পাওয়ার সুবর্ন সুযোগ আসতে চলেছে। এছাড়াও, স্কুল সার্ভিস কমিশনে স্কুল শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি ও প্রকাশ হতে পারে। সম্প্রতি কেন্দ্র সরকারের প্রায় ১৪০০ কর্মী নিয়োগ হতে চলেছে। সুতরাং, ছাত্র- ছাত্রীদের এখন থেকে প্রস্তুতি পর্ব চালিয়ে যেতে হবে। আর এই প্রস্তুতি নেওয়ার জন্য প্রয়োজন BCI -এর বিশেষ কোর্স, যা ছাত্র-ছাত্রীদের সরকারি চাকুরি পাওয়ার সুবর্ন সুযোগ এনে দেবে।

| | | | |
|---|---|---|---|
| **- Head Office - DHANIAKHALI** (Beside Madanmohantala Bus Stand near Churidar Museum) HELP LINE (03213) 255-552 / 8373821552 (Open Everyday - 9 am to 7 pm) | **PARK STREET** Singhania House 75-C Park Street, 1st Floor, Near Park Street Post Office Kol-700016 **Mob - 8442923344** | **JADAVPUR** IAS ACADEMY BUILDING 4/10-A, Poddar Nagar Near South City Mall, Jadavpur Kol-700016 **Mob - 8450027788** | **BARASAT** Noa Para Rashbehari School Road Barasat, Kol-700016 Near 5 No Railway Platform Ticket Counter **Mob - 8367842132** |
| **HOWRAH RAMRAJATALA** 25 Kedar Bhattacharya 1st Lane Snataragachi, Howrah-711104 **Mob - 9477760410** | **GURAP** Uttar Kotalpur Near Susila Cinema Hall Pin- 712303 **Mob - 8373821552** | **SHEORAPHULI** Tota Education Centre 34, Goswami Para Lane Beside Railway Reservation Counter, Pin- 712223 **Mob - 8373821552** | **SUREKALNA** Student Solve Opposite of Basanti Tala, Purba Burdwan - 712408 **Mob - 8373821552** |

ফ্রি সেমিনার ও পরামর্শ - যাদবপুর (1st Sept - 11 am to 3 pm), বারাসাত (9th Sept - 11 am to 1 pm), হাওড়া (16th Sept - 11 am to 1 pm)

**বেস্ট কেরিয়ার**

# D-PHARMA

**ভর্তি চলিতেছে**

(PCM / PCB)

Authorized by- BCPT
Approved by - (AICTE & PCI)
and affiliated to WBSCT &
Vocational & Skill Development

চাকুরিরতদের বিশেষ সুবিধা

**Mob-7908152878**

যে কোর্স করলে আপনি অবশ্যই চাকুরি পেতে পারেন -

W.B.C.S.(Exe) / BANK / RAIL / P.S.C. / C.G.L (Graduate Label) / 10+2 / Multitasking / WB Gr(C/D) / POLICE / INSURANCE / TET (PRIMARY + UPPER)

**ICDS ও রাজ্য বা Central Police এর চাকুরির পরীক্ষায় এক চান্সে পাশ করতে সরাসরি যোগাযোগ করুন**

W.B.C.S. কোর্সে ভর্তি হলে P.S.C Miscellaneous & Clarkship -এর কোর্স ফি সম্পূন **বিনামূল্যে**

**Our Postal Course & Off Line - On Line Centre**
**- JODHPUR PARK -**
(Only For Kolkata)
410 B Jodhpur Park
Kolkata- 700068
(Near Indian Bank)
**9330639127**

**অতিসত্ত্বর ফ্রানচাইসি প্রয়োজন**

ব্যারাকপুর, কোন্নগর, চন্দননগর, তারকেশ্বর, আরামবাগ, বর্ধমান, মেমারী, কাটোয়া, খন্যান/পাণ্ডুয়া

**M- 7908152878**

**S.S.C. TET -এ ভর্তি চলিতেছে - IX - XII**


Scanned by CamScanner

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য
## ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৮ পাতার পর

(a) নিউইয়র্ক (b) ওয়াশিংটন
(c) হেগ (d) প্যারিস

**74.** প্রথম কোন মহিলা ভারতের কোনো রাজ্যের মুখ্যমন্ত্রী হন?
(a) সুচেতা কৃপালনী (b) বিজয়লক্ষ্মী পণ্ডিত (c) সরোজিনী নাইডু (d) অ্যানি বেসান্ত

**75.** স্বাধীন ভারতের প্রথম বহুমুখী নদী প্রকল্প কোনটি?
(a) নর্মদা প্রকল্প (b) দামোদর প্রকল্প (c) শতদ্রু প্রকল্প (d) গোদাবরী প্রকল্প

**76.** $248.8 - 190.48 + 68.08 = ?$
(a) 124.4 (b) 128.4 (c) 124.6 (d) 126.4

**77.** $2.13 \times 10 - 3.213 \times 100 + 2.1212 \times 1000 = ?$
(a) 182.12 (b) 18.212 (c) 1821.2 (d) 182.2

**78.** $17.42 - 10.006 + 8.592 - 0.15 - 5 = ?$
(a) 10.856 (b) 10.851 (c) 10.852 (d) 10.833

**79.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 187, 209 ও 231 বিভাজ্য?
(a) 7 (b) 9 (c) 11 (d) 13

**80.** কোন ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা 16, 24 ও 32 দিয়ে বিভাজ্য?
(a) 296 (b) 256 (c) 324 (d) 576

**81.** ক্ষুদ্রতম কোন সংখ্যা থেকে 7 বিয়োগ করলে বিয়োগফল 3, 18, 24 ও 21 দিয়ে বিভাজ্য হবে?
(a) 537 (b) 521 (c) 510 (d) 511

**82.** $\dfrac{8.85\times8.85\times8.85+1.15\times1.15\times1.15}{8.85\times8.85-8.85\times1.15+1.15\times1.15}=?$
(a) 1.15 (b) 7.70 (c) 8.85 (d) 10

**83.** $\dfrac{0.05\times0.05\times0.05-0.04\times0.04\times0.04}{0.05\times0.05+0.002+0.04\times0.04}=?$
(a) 1 (b) 0.1 (c) 0.01 (d) 0.001

**84.** $\frac{1}{20}+\frac{1}{30}+\frac{1}{42}+\frac{1}{56}+\frac{1}{72}=?$
(a) $\frac{5}{36}$ (b) $\frac{2}{35}$ (c) $\frac{7}{36}$ (d) $\frac{11}{36}$

**85.** $\left(1+\frac{1}{2}\right)\left(1+\frac{1}{3}\right)\left(1+\frac{1}{4}\right)\ldots\ldots\left(1+\frac{1}{100}\right)=?$
(a) 50.5 (b) 51.5 (c) 50.2 (d) 5.05

**86.** দু'টি সংখ্যার অনুপাত 5 : 7, সংখ্যা দু'টি থেকে 40 বিয়োগ করলে নতুন অনুপাত 17 : 27 হয়। সংখ্যাদু'টির অন্তর কত?
(a) 18 (b) 52 (c) 137 (d) 50

**87.** একটি সংখ্যার সঙ্গে 5 যোগ করে যোগফলকে 5 দিয়ে গুণ করা হল। গুণফলকে 11 দিয়ে ভাগ করায় ভাগফল 9 ও ভাগশেষ 1 হল। সংখ্যাটি কত?
(a) 14 (b) 15 (c) 16 (d) 17

**88.** 6, 10, 9, 16 সংখ্যাগুলি থেকে কোন সংখ্যা বিয়োগ করলে সংখ্যাগুলি সমানুপাতী হবে?
(a) 2 (b) 1 (c) 3 (d) 4

**89.** চারটি ক্রমিক সমানুপাতী সংখ্যার প্রথম ও দ্বিতীয়টি যথাক্রমে 4 ও 16 হলে, চতুর্থ সংখ্যাটি কত?
(a) 250 (b) 254 (c) 256 (d) 260

**90.** তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 12 ও প্রথম ও তৃতীয় সংখ্যার যোগফল দ্বিতীয় সংখ্যার থেকে 50 বেশি। সংখ্যা তিনটির যোগফল কত?
(a) 160 (b) 150 (c) 130 (d) 120

**91.** একটি ব্যাগে 1 টাকা, 50 পয়সা ও 10 পয়সার সংখ্যার অনুপাত 3 : 4 : 10. ব্যাগে মোট 102 টাকা থাকলে 10 পয়সার সংখ্যা কত?
(a) 340 (b) 60 (c) 80 (d) 170

**92.** A, 3,500 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করে। 5 মাস পর B কিছু টাকা নিয়ে ব্যবসায় যোগ দেয়। এক বছর পর 2 : 3 অনুপাতে লভ্যাংশ বণ্টিত হলে, B কত টাকা নিয়ে ব্যবসায় যোগ দেয়?
(a) 8,000 (b) 8,500 (c) 7,500 (d) 9,000

**93.** A, B ও C যথাক্রমে 2,700 টাকা, 8,100 টাকা ও 7,200 টাকা দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করে। বছরের শেষে B, 3,600 টাকা লভ্যাংশ পেলে মোট লাভ কত টাকা?
(a) 5,500 (b) 6,500 (c) 8,000 (d) 9,000

**94.** 8 জন ব্যক্তির গড় বয়স 2 বছর বৃদ্ধি পায় যখন, 24 বছর বয়সের এক ব্যক্তির বদলে অন্য এক ব্যক্তি যোগ দেয়। নতুন ব্যক্তির বয়স কত বছর?
(a) 42 (b) 40 (c) 38 (d) 45

**95.** একজন ছাত্র স্কুলের 4টি পরীক্ষায় অঙ্কে গড়ে 35 নম্বর পেয়েছে। বার্ষিক পরীক্ষায় কত নম্বর পেলে তার নম্বরের গড় 40 হবে?
(a) 61 (b) 62 (c) 50 (d) 60

**96.** কোনো একটি কাজ A, B ও C যথাক্রমে 10, 12 ও 15 দিনে করতে পারে। তারা একসঙ্গে কাজটি শুরু করে ও কাজটি শেষ হওয়ার 4 দিন আগে B চলে যায়। সম্পূর্ণ কাজটি কতদিনে শেষ হবে?
(a) $5\frac{2}{3}$ (b) $6\frac{2}{3}$ (c) 5 (d) 4

**97.** A রোজ 5 ঘন্টা কাজ করে 8 দিনে একটি কাজ সম্পন্ন করে ও B রোজ 6 কাজ করে 10 দিনে ওই কাজটি সম্পন্ন করে। তারা একসঙ্গে রোজ 8 ঘন্টা কাজ করলে কতদিনে কাজটি সম্পন্ন হবে?
(a) 3 (b) 4 (c) 4.5 (d) 5.4

**98.** একটি খালি চৌবাচ্চা A ও B নল দিয়ে যথাক্রমে 12 ও 10 মিনিটে পূর্ণ হয় ও পূর্ণ চৌবাচ্চাটি C নল দিয়ে 15 মিনিটে খালি হয়। চৌবাচ্চাটি ফাঁকা অবস্থায় তিনটি নলই খুলে দেওয়া হল। চৌবাচ্চাটি ভরতি হওয়ার 17 মিনিট আগে B ও 9 মিনিট আগে C নল বন্ধ করা হল। কত মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(a) 15 (b) 10 (c) 12 (d) 18

**99.** রবি ও অজয় একই সময়ে A স্থান থেকে 60 কিলোমিটার দূরের B স্থানের উদ্দেশ্যে যাত্রা শুরু করল। রবির গতিবেগ অজয়ের থেকে 4 কিলোমিটার/ঘন্টা কম। অজয়ের B স্থানে পৌঁছে ফিরে আসার সময় B থেকে 12 কিলোমিটার দূরে রবির সঙ্গে দেখা হল। রবির গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(a) 12 (b) 10 (c) 8 (d) 6

**100.** 350 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন 40 কিলোমিটার/ঘন্টা বেগে গেলে কত সেকেন্ডে 5 কিলোমিটার/ঘন্টা বেগে একই দিকে ধাবমান এক ব্যক্তিকে অতিক্রম করবে?
(a) 36 (b) 44 (c) 42 (d) 30

### চটপট উত্তরের বিশ্লেষণ

**1(b). 2(a). 3(d). 4(c). 5(a). 6(d). 7(c). 8(b). 9(b). 10(a). 11(c). 12(b). 13(d). 14(b). 15(a). 16(a). 17(c). 18(c). 19(d). 20(b). 21(c). 22(a). 23(b). 24(d). 25(b). 26(b). 27(b). 28(d). 29(d). 30(a). 31(c). 32(d). 33(b). 34(a). 35(c). 36(a). 37(c). 38(d). 39(c). 40(a). 41(b). 42(c). 43(c). 44(a). 45(d). 46(b). 47(a). 48(d). 49(c). 50(b). 51(b). 52(a). 53(d). 54(c). 55(b). 56(a). 57(a). 58(c). 59(d). 60(a). 61(b). 62(d). 63(a). 64(c). 65(d). 66(a). 67(b). 68(b). 69(d). 70(a). 71(c). 72(b). 73(d). 74(a). 75(b). 76(d). 77(c). 78(a). 79(c).** বৃহত্তম সংখ্যাটি হল 187, 209 ও 231 এর গ.সা.গু = 11. **80(d).** 16, 24 ও 32 এর ল.সা.গু = 96. $96 = 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 3$. নির্ণেয় ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা $= 96 \times 2 \times 3 = 576$. **81(d).** 3, 18, 24 ও 21 এর ল.সা.গু = 504. তাহলে নির্ণেয় সংখ্যা $= 504 + 7 = 511$. **82(d). 83(c). 84(a). 85(a). 86(d).** মনে করি, সংখ্যাদু'টি 5x ও 7x. তাহলে শর্তানুসারে, $\frac{5x-40}{7x-40}=\frac{17}{27}$. সমাধান করে পাই, x = 25. তাহলে অন্তর $= 7x - 5x = 2x = 50$. **87(b).** মনে করি, সংখ্যাটি x. তাহলে শর্তানুসারে, $5(x + 5) = (11 \times 9) + 1$. তাহলে x = 15. **88(a).** $(6 - 2) = 4$, $(10 - 2) = 8$. $4 : 8 = 1 : 2$. আবার $(9 - 2) = 3$, $(16 - 2) = 14$. $7 : 14 = 1 : 2$. **89(c).** তৃতীয় সংখ্যাটি $= \frac{16\times16}{4} = 64$. চতুর্থ সংখ্যাটি $= \frac{64\times64}{16} = 256$. **90(d).** মনে করি, সংখ্যাগুলি 5x, 7x ও 12x. শর্তানুসারে, $(5x + 12x) - 7x = 50$. তাহলে x = 5. তাহলে যোগফল $= 5x + 7x + 12x = 24x = 24 \times 5 = 120$. **91(d).** মূল্যের অনুপাত $= (100 \times 3) : (50 \times 4) : (10 \times 10) = 3 : 2 : 1$. তাহলে 10 পয়সার সংখ্যা $= \frac{1}{(3+2+1)} \times 102 \times 10 = 170$. **92(d).** মনে করি, B এর নিয়োজিত টাকা = x. তাহলে শর্তানুসারে, $\frac{3500\times12}{x\times7}=\frac{2}{3}$. x = 9,000 টাকা। **93(c).** বিনিয়োগের অনুপাত = A : B : C = 2700 : 8100 : 7200 = 3 : 9 : 8. তাহলে মোট লাভ $= \frac{3600}{9} \times (3 + 9 + 8) = 8,000$ টাকা। **94(b).** নতুন ব্যক্তির বয়স $= (8 \times 2) + 24 = 40$ বছর। **95(d).** নির্ণেয় নম্বর $= (5 \times 40) - (4 \times 35) = 60$. **96(b).** A + B + C একদিনে করে $= \frac{1}{10}+\frac{1}{12}+\frac{1}{15}=\frac{1}{4}$ অংশ। A + C একদিনে করে $= \frac{1}{10}+\frac{1}{15}=\frac{1}{6}$ অংশ। তাহলে 4 দিনে A ও C করে $= 4 \times \frac{1}{6} = \frac{2}{3}$ অংশ। তাহলে A + B + C এই $\frac{2}{3}$ অংশ কাজ করে $= 4 \times \frac{2}{3} = 2\frac{2}{3}$ দিন। তাহলে মোট সময় লাগবে $= 4 + 2\frac{2}{3} = 6\frac{2}{3}$ দিন। **97(a).** শর্টকাট ফর্মুলা : নির্ণেয় দিনসংখ্যা $= \left(\frac{40\times60}{40+60}\right) \div 8 = 3$ দিন। **98(d).** মনে করি, x মিনিটে পূর্ণ হবে। তাহলে শর্তানুসারে, $\frac{x}{12}+\frac{x-17}{10}-\frac{x-9}{15}=1$. সমাধান করে পাই, x = 18 মিনিট। **99(c).** মনে করি, রবির গতিবেগ x কিলোমিটার/ঘন্টা। তাহলে শর্তানুসারে, $\frac{(60-12)}{x}=\frac{(60+12)}{x+4}$. তাহলে x = 8 কিলোমিটার/ঘন্টা। **100(a).** আপেক্ষিক বেগ $= (40 - 5) \times \frac{5}{18} = \frac{35\times5}{18}$ মিটার/সেকেন্ড। তাহলে সময় $= \frac{350\times18}{35\times5} = 36$ সেকেন্ড।

# ৪টি কারিগরি চাকরির পরীক্ষায় কীভাবে সফল হয়েছি

সাফল্যের



**সন্তু সাহা**

আমার বাড়ি উত্তর ২৪ পরগনা জেলার হাসনাবাদের হরিকাঠি গ্রামে। ছোট থেকেই দারিদ্রের সঙ্গে লড়াই করে বড় হয়েছি। বাবা খেত-খামারে কাজ করে লেখাপড়া শিখিয়েছেন। সংসারে রুজিরোজগারের জন্য দাদাও একটা ছোট দোকানে কাজ করতেন। টাকি গভর্নমেন্ট কলেজ থেকে ২০১২ সালে বিজ্ঞান শাখায় ডিগ্রি কোর্স পাশ করি। আমার ইচ্ছা ছিল শিক্ষক হওয়ার। কিন্তু সেই সময় স্কুল সার্ভিস কমিশনের নির্দেশে শিক্ষকতার পরীক্ষার ক্ষেত্রে বি.এড বাধ্যতামূলক হয়। আর্থিক সমস্যার জন্য আমার পক্ষে বি.এড কোর্সে ভরতি হওয়া সম্ভব হয়নি ও শিক্ষকতার স্বপ্ন অপূর্ণ রয়ে যায়। হাড্ডাহাড্ডি প্রতিযোগিতার জন্য সাধারণ চাকরির ক্ষেত্রে জায়গাটা যখন ক্রমশ ছোট হয়ে আসছিল, ঠিক সেই সময় 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে জানতে পারি, কারিগরি শাখায় সরকারি চাকরির যথেষ্ট সুযোগ রয়েছে। সেই আশায় বুক বেঁধে আবার নতুন করে জীবন শুরু করি। কেরিয়ারের ক্ষেত্র হিসাবে কারিগরি শাখায় যাওয়ার কথা ভাবি। আই.টি.আই পরীক্ষা দিয়ে টালিগঞ্জ সরকারি আই.টি.আই কলেজে ফিটার ট্রেডে ২০১৩ সালে ভরতির সুযোগ পাই। এখান থেকে ২০১৫ সালে আই.টি.আই পাশ করি। বেসরকারি শিল্প সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপের সুযোগ পেয়েছিলাম কিন্তু আগ্রহ দেখাইনি। অনিশ্চয়তা ও আর্থিক নিরাপত্তাহীনতার জন্য বেসরকারি চাকরি আমার কোনোদিনই পছন্দ ছিল না। ২০১৬ সাল থেকে বিভিন্ন ধরণের কারিগরি চাকরির পরীক্ষা দেওয়ার জন্য প্রস্তুতি শুরু করেছিলাম। ধারাবাহিক চর্চার মধ্যে থাকার জন্য দমদমের এক নামি প্রতিষ্ঠানে বারাসাত শাখায় ভরতি হয়েছিলাম। অন্তত পক্ষে ১০-১২টি চাকরির পরীক্ষায় বসার পর ২০১৭ সালে আমার জীবনে নতুন সূর্যোদয় হয়। এই বছরে একে একে কাশীপুর অস্ত্র কারখানায় অ্যাপ্রেন্টিসের পরীক্ষায় পাশ করি। ইন্ডিয়ান সিকিউরিটি প্রেসে জুনিয়র টেকনিশিয়ান পদে সফল হই। এছাড়াও পিডিসিএল, পিডিসি, পূর্ব রেলের টেকনিশিয়ান পদে সফল হয়েছি।

এই মুহূর্তে 'ইন্ডিয়ান সিকিউরিটি প্রেস'এ জুনিয়র টেকনিশিয়ান পদে চাকরি করছি। এই পদের জন্য বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৭ সালে। শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছিল মাধ্যমিক পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই পাশ। শূন্যপদ ছিল ১৪১টি। এই পরীক্ষার জন্য মূলত মাধ্যমিক স্তরের ভূগোল, ইতিহাস, বিজ্ঞান পড়েছি ও মাধ্যমিকের অঙ্ক বই দেখে নিয়মিত চর্চা করতাম। পাশাপাশি কোচিংয়ের সব স্টাডি মেটিরিয়াল পড়ে চর্চা করতাম। প্রস্তুতির বিভিন্ন পর্বে মোটিভেট করেছিলেন শিক্ষক সুরজিৎ ভৌমিক। নিয়মিত পড়তাম 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News' পত্রিকা।

প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা নিয়েছিল আই.বি.পি.এস। ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন ছিল এইসব বিষয়ে — জেনারেল স্টাডিজ, অ্যারিথমেটিক, জেনারেল ইন্টেলিজেন্স ও টেকনিক্যাল বিষয়ে। প্রশ্ন ছিল অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। লিখিত পরীক্ষার ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। কোনো ইন্টারভিউ নেওয়া হয়নি। ২০১৭ সালে পরীক্ষার ফল বেরোলেও আইনগত কারণে নিয়োগের প্রক্রিয়া পিছিয়ে যায়। এবছর জুন মাসে চাকরিতে যোগ দিয়েছি। পোস্টিং হয়েছে মহারাষ্ট্রের নাসিকে। ১ বছরের প্রবেশন। এই পদের মূল মাইনে ৭,৭৫০-১৯,০৪০ টাকা।

সাধারণ শাখায় চাকরির সুযোগ দিন দিন কমলেও কারিগরি শাখায় চাকরির সুযোগ দিন দিন বাড়ছে। রেল, ভেল, সেইল-সহ নানা সরকারি সংস্থায় প্রতি বছর বিভিন্ন সময় কারিগরি লোক নেওয়া হয়। ওইসব সংস্থায় চাকরির পরীক্ষার ধরণ প্রায় একইরকম। নিজের ট্রেডে বিষয় সম্পর্কে স্বচ্ছ ধারণা ও নিয়মিত চর্চা করলে সফল হওয়া যায়। জীবনে সাফল্যের জন্য সবথেকে দরকার নির্দিষ্ট লক্ষ্য অনুযায়ী এগিয়ে যাওয়া।

Scanned by CamScanner

# জেনারেল ইংলিশ

চাকরির পরীক্ষার গাইড

**Direction (Q. 1-5) :** *Read the following passage carefully and answer the questions given below it. Certain words in the passage are printed in **bold** to help you locate them while answering some of the questions.*

